# পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা

## (২০২১ থেকে ২০২৬)



---

# উপজেলা পরিষদ

## বোচাগঞ্জ, দিনাজপুর

# পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬)

## উপজেলা পরিষদ

### বোচাগঞ্জ,দিনাজপুর

**সার্বিক সহযোগিতায়ঃ**
জনাব মোঃ জুলফিকার হোসেন
চেয়ারম্যান,উপজেলা পরিষদ,
বোচাগঞ্জ,দিনাজপুর

জনাব,মোঃ নুর আলম
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
বোচাগঞ্জ,দিনাজপুর

জনাব পুতুল রাণী রায়
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
,বোচাগঞ্জ,দিনাজপুর

**সম্পাদনায়ঃ**
ছন্দা পাল
উপজেলা নির্বাহী অফিসার
বোচাগঞ্জ,দিনাজপুর

**কারিগরি নির্দেশনায়ঃ**
উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)
স্থানীয় সরকার বিভাগ

**কারিগরি সহযোগিতায়ঃ**
পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কারিগরী দল(টিজিপি),উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর
অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক উপজেলা কমিটি, বোচাগঞ্জ,দিনাজপুর
এস.এম.জসীম উদ্দিন,ইউডিএফ,ইউজিডিপি,স্থানীয় সরকার বিভাগ,বোচাগঞ্জ,দিনাজপুর

**ডিজাইন ও প্রচ্ছদ অলংকরণঃ**
মোঃ রেজাউল হাসান
সহকারী প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়,বোচাগঞ্জ,দিনাজপুর

**কম্পিউটার কম্পোজঃ**
মোঃ মজিবর রহমান
সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর
উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর

**সামিউল আলম**
অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বোচাগঞ্জ,দিনাজপুর

**প্রকাশকালঃ নভেম্বর ২০২১ খ্রিঃ**

**বোচাগঞ্জ উপজেলার পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার সূচিপত্র:**


| পাঠ নম্বর | অধ্যায় | | বিষয়সমুহ | | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|---|---|
| প্রথম অংশ | প্রথম অধ্যায় | : | ভূমিকা,প্রেক্ষাপট ও আইনগত ভিত্তি | : | |
| | | | উপজেলার পরিচিতি/নামকরণের ইতিহাস প্রশাসনিক মানচিত্র ও প্রখ্যাত ব্যক্তিবর্গ | : | |
| | | | সম্পাদকীয় | : | |
| | | | পরিকল্পনা প্রণয়নের ধাপ ও প্রক্রিয়াসমূহ | : | |
| | | | বাণী : মাননীয় নৌ-পরিবহন প্রতিমন্ত্রী,উপপরিচালক, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার,ভাইস চেয়ারম্যান বৃন্দ | : | |
| | দ্বিতীয় অধ্যায় | : | বোচাগঞ্জ উপজেলার আর্থ-সামাজিক তথ্য-উপাত্ত | : | |
| | তৃতীয় অধ্যায় | : | উপজেলার পরিস্থিতি বিশ্লেষন (Situation Analysis) | : | |
| | চতুর্থ অধ্যায় | : | অর্থের উৎস,বাজেট সার-সংক্ষেপ ও বাজেট বিশ্লেষন | : | |
| | পঞ্চম অধ্যায় | : | উপজেলার বিভিন্ন দপ্তর (সরকারী বিভিন্ন দপ্তর ও বেসরকারী সংস্থা,ইউনিয়ন পরিষদ) কর্তৃক পরিচালিত চলমান উন্নয়ন কার্যক্রম | : | |
| | ষষ্ঠ অধ্যায় | : | রূপকল্প (Vision) নির্ধারণ করার বিবেচ্য বিষয়সমূহ,মিশন,মূল্যবোধ,পরিকল্পনা প্রণয়নের উদেশ্য ও প্রত্যাশিত ফলাফল | : | |
| | সপ্তম অধ্যায় | : | বোচাগঞ্জ উপজেলায় চিহ্নিত সমস্যা, উন্নয়ন অগ্রাধিকার এবং পঞ্চবার্ষিক পরিকল্পনার খাতওয়ারি ও ইউনিয়ন ভিত্তিক বিভাজন/ পরিকল্পনা ফরম্যাট | : | |
| | অষ্টম অধ্যায় | : | পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন,পরিবীক্ষণ এবং মধ্যবর্তী ও চুড়ান্ত মূল্যায়ন | : | |
| | নবম অধ্যায় | | পঞ্চবার্ষিক পরিকল্পনার বার্ষিক প্রতিবেদনের নমুনা ফরম্যাট | : | |
| দ্বিতীয় অংশ | দশম অধ্যায় | | উপজেলা পরিষদের স্বচ্ছতা,জবাবদিহীতা ও সুশাসন উন্নয়নের জন্য পরিচালন (গর্ভন্যান্স) উন্নয়ন পরিকল্পনা | : | |
| | একাদশ অধ্যায় | : | উপজেলা পরিষদ ,সংশ্লিষ্ট উপজেলা কমিটি ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণন বিষয়ক কারিগরি কমিটির সদস্যদের তালিকা,উপসংহার | : | |


**বোচাগঞ্জ উপজেলার পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় ব্যবহৃত ছক নম্বর ও ছকের বিষয়বস্তু সমুহঃ**


| ছকের নম্বর | ছকের বিষয়বস্তুর নাম | পৃষ্ঠা নম্বর: |
|---|---|---|
| **ছক নম্বর ১:** | বোচাগঞ্জ উপজেলার আর্থ-সামাজিক তথ্য-উপাত্ত | |
| **ছক নম্বর ২:** | বোচাগঞ্জ উপজেলার বিভিন্ন খাত ভিত্তিক পরিস্থিতি বিশ্লেষন | |
| **ছক নম্বর ৩:** | বোচাগঞ্জ উপজেলার বাজেটের অর্থের উৎস/ সম্পদ চিহ্নতকরণের সারসংক্ষেপ | |
| **ছক নম্বর ৪:** | পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার খাতওয়ারি লক্ষ্য,উদ্দেশ্য ও প্রত্যাশিত ফলাফল | |
| **ছক নম্বর ৫:** | বিভিন্ন দপ্তর ও সংস্থা কর্তৃক পরিচালিত চলমান উন্নয়ন কার্যক্রম | |
| **ছক নম্বর ৬:** | উপজেলা পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার খাতওয়ারি পরিকল্পনা ফরম্যাট | |
| **ছক নম্বর ৭:** | পঞ্চবার্ষিক পরিকল্পনার বার্ষিক প্রতিবেদনের নমুনা ফরম্যাট | |
| **ছক নম্বর ৮:** | উপজেলা পরিষদের স্বচ্ছতা, জবাবদিহীতা ও সুশাসন উন্নয়নের জন্য পরিচালন (গর্ভন্যান্স) উন্নয়ন পরিকল্পনা | |
| **ছক নম্বর ৯:** | বোচাগঞ্জ উপজেলা পরিষদের সদস্যদের তালিকা | |
| **ছক নম্বর ১০:** | উপজেলা অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটির সদস্য | |
| **ছক নম্বর ১১:** | পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ন বিষয়ক কারিগরি কমিটির (টিজিপি) সদস্য | |

# পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার প্রথম অংশ

# প্রথম অধ্যায়:

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬
বোচাগঞ্জ,দিনাজপুর

**১.১:ভূমিকা,প্রেক্ষাপট ও আইনগত ভিত্তি :**

যেকোন উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করার গুরুত্ব অপরিসীম। পরিকল্পনা বলতে বর্তমান ও ভবিষ্যত কর্মকান্ডের মধ্যে সেতু বন্ধন সৃষ্টি করাকে বুঝায়। স্থানীয় সরকারের করনীয়/দৃষ্টিভঙ্গি,কাজের দ্বৈততা ও অপ্রয়োজনীয় কার্যক্রম পরিহার,সম্পদের যথাযথ ব্যবহার,উন্নয়ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন তথা দেশের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের জন্য উপজেলা পরিষদ কর্তৃক বিভিন্ন মেয়াদী পরিকল্পনা প্রনয়ন করা হয়। স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসাবে বাংলাদেশের উপজেলা পরিষদসমুহ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা এবং বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করে থাকে ।

উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (উপজেলা পরিষদ আইন ২০০৯ ও সংশোধিত ২০১১) এর ৪২ ধারা মোতাবেক দেশের প্রতিটি উপজেলার জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনা এবং পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা আইনগতভাবে বাধ্যতামূলক করা হয়েছে। সেই কারনে বোচাগঞ্জ উপজেলা পরিষদ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ণের উদ্যোগ গ্রহন করেছে। উক্ত পরিকল্পনা প্রনয়নের ক্ষেত্রে জাতীয় পরিকল্পনা২০১০-২০২১,সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা,সেক্টরাল উন্নয়ন পরিকল্পনা,এসডিজি, জাতীয় উন্নয়ন অগ্রাধিকার,বার্ষিক উন্নয়ন কর্মসুচি গাইডলাইন অনুসরণ করা হয়েছে।

তাছাড়া উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ অনুসরণপূর্বক স্থানীয় উন্নয়ন চাহিদার খাতওয়ারি বিভাজন ও উন্নয়ন চাহিদার অগ্রাধিকারকরণ করা হয়েছে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় কৃষি ও ক্ষুদ্র সেচ, মৎস্য ও প্রানিসম্পদ, ক্ষুদ্র ও কুটির শিল্প: পরিবহন ও যোগাযোগ,জনস্বাস্থ্য: শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়ন, স্বাস্থ্য ও সমাজকল্যাণ,বাজার উন্নয়ন, স্বাস্থ্য উন্নয়ন, শিক্ষা উন্নয়ন,যুব ক্রীড়া ও সংস্কৃতি, পল্লী উন্নয়ন ও সমবায়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ এবং পরিচালন ব্যবস্থার উন্নয়নের বিষয় বিবেচনায় বোচাগঞ্জ উপজেলা পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করছে। তবে বিধি মোতাবেক পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার সাথে সমন্বয় রেখে প্রতিবছর বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করতে হবে। উপজেলা পরিষদ বাজেট(প্রণয়ন ও বাস্তবায়ন) বিধিমালা ২০১০,ধারা ১৩ মোতাবেক বাজেট উন্নয়ন প্রকল্পের বরাদ্দ বা খাতসমুহ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার নিরিখে করতে হবে এবং পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় অর্ন্তভুক্ত নাই এমন নতুন কোন খাতে বাজেট বরাদ্দ করা যাবেনা।


পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার রুপকল্প,খাতভিত্তিক অধিকতর সুনির্দিষ্ট লক্ষ্য এবং প্রত্যাশিত ফলাফলের আলোকে বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় প্রত্যাশিত ফলাফল,বাস্তবায়ন লক্ষ্যমাত্রা ও কৌশল নির্ধারন করা হয়েছে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে পরিস্থিতি,আর্থ-সামাজিক তথ্য,চলমান উন্নয়ন প্রকল্পের তথ্যাদি এবং আগামী ৫ বছরের পরিকল্পিত পরিকল্পনা কাঠামো বিশ্লেষন করা হয়েছে। তাছাড়া পরিকল্পনার পরিস্থিতি, সম্পদের চিত্রায়ন,অংশীজনের সাথে মতবিনিময়ের মাধ্যমে পরিষদের সক্ষমতা,দুর্বলতা,সম্ভাবনা,চ্যালেঞ্জ ও বাজেট বিশ্লেষন করে পরিমাপযোগ্য সূচক এবং রুপকল্প,খাত ভিত্তিক লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রনয়নে স্থানীয় ও জাতীয় ফলাফল অর্জনের দিকে গুরুত্ব এবং নিম্ন-উর্ধমূখী (bottom up approace) পদ্ধতি অনুসরন করা হয়েছে। পঞ্চবার্ষিক পরিকল্পনার খাত ভিত্তিক পরিকল্পনার লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্য রেখে সংশ্লিষ্ট সকল উন্নয়ন খাত,ধাপ ও প্রক্রিয়া অনুসরণ পূর্বক উন্নয়ন পরিকল্পনার প্রাতিষ্ঠানিক কাঠামো প্রনয়ন করা হয়েছে। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, মৎস্য ও প্রানিসম্পদ ও যোগাযোগ ভৌত অবকাঠামো ইস্যুকে উন্নয়ন অগ্রাধিকার বিবেচনা করে বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়ন করা হয়েছে। উন্নয়ন অগ্রাধিকার ও কৌশল নিধারনের ক্ষেত্রে প্রকল্প বাছাই কমিটি, অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন বিষয়ক কমিটি,পরিকল্পনা প্রনয়ন বিষয়ক কারিগরি কমিটি(পিজিটি) তথ্য সংগ্রহ ও তথ্য সন্নিবেশ করার ক্ষেত্রে সহায়তা প্রদান করেছে। উক্ত ফরম্যাটে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার প্রকল্প নাম,অভিষ্ঠ লক্ষ্য,পরিমাপযোগ্য সুচক,প্রত্যাশিত ফলাফল,বছর ভিত্তিক বাজেট বিভাজন ও অগ্রাধিকারক্রম নির্ধারণ করা হয়েছে।

**১.২: বোচাগঞ্জ উপজেলার নামকরণের ইতিহাস:** বোচাগঞ্জ থানা সৃষ্ঠি হয় ১৯১৫ সালে। ১৯৮৪ সালে উপজেলায় রুপান্তিরিত হয়। তবে এলাকার বাহিরের লোকজনের বোচাগঞ্জ উপজেলা সেতাবগঞ্জ নামেই অধিক পরিচিত। ৬টি ইউনিয়ন ও ১টি পৌরসভা নিয়ে বোচাগঞ্জ উপজেলা গঠিত। জমিদার সিতাব চানহার নামে সেতাবগঞ্জ পৌরসভাটির নামকরণ করা হয়। সেতাবগঞ্জ পৌর হাটটি রংপুর বিভাগের মধ্যে অন্যতম একটি বৃহত্তম হাট। এই হাট প্রতিষ্ঠাকালে কুমিরের খেলা দেখানো হত। কুমিরকে স্থানীয় ভাষায় বোঁচা বলা হত। এই বোঁচা নাম থেকেই উক্ত এলাকার নামকরণ করা হয় বোচাগঞ্জ।

**১.৩: বোচাগঞ্জ উপজেলার ভৌগলিক অবস্থান:** বোচাগঞ্জ উপজেলার মোট আয়তন ২২৪.৮১ বর্গ কি.মি। উত্তরে বীরগঞ্জও পীরগঞ্জ উপজেলা,দক্ষিনে বিরল ও ভারতের পশ্চিমবঙ্গ,পুর্বে বীরগঞ্জ,কাহারোল উপজেলা এবং পশ্চিমে পীরগঞ্জ উপজেলা।

১.৪: বোচাগঞ্জ উপজেলার প্রশাসনিক মানচিত্র:



**১.৫: প্রখ্যাত ব্যক্তিবর্গ :**

**হাজী মোহাম্মদ দানেশ(১৯০০-১৯৮৬):**
তেভাগা আন্দোলনের প্রাণ পুরুষ হাজী মোহাম্মদ দানেশ ২৭ জুন ১৯০০ সালে দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলা টেনা গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহন করেন। হাজী মোহাম্মদ দানেশ আলীগড় মুসলিম বিদ্যালয়ে পড়াশোনা করেন। তিনি অবিভক্ত বৃটিশ ভারতের একজন কৃষক নেতা যিনি ১৯৪৭ সালে পাকিস্তান প্রতিষ্ঠা এবং পূর্ব পাকিস্তানের স্বাধীকার আন্দোলনের রাজনীতিতে গুরুত্বপূর্ন ভুমিকা পালন করেন। তাকে তেভাগা আন্দোলনের জনক হিসাবে আখ্যায়িত করা হয়। হাজী মোহাম্মদ দানেশ ছিলেন প্রখর মেধা সম্পন্ন অধিকার আদায়ের দক্ষ রাজনৈতিক ও সংগঠক।

তিনি মজলুম জননেতা মাওলানা আব্দুল হামিদ খান ভাসানীর ঘনিষ্ঠ রাজনৈতিক সহচর ছিলেন। সেতাবগঞ্জ চিনিকল প্রতিষ্ঠার অন্যতম দাবীদার হাজী মোহাম্মদ দানেশ। তার নামে প্রতিষ্ঠিত হয়েছে দিনাজপুরে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। বোচাগঞ্জ উপজেলার বড়সুলতানপুরে হাজী মোহাম্মদ দানেশ কলেজ ও এতিমখানা প্রতিষ্ঠিত হয়েছে। কৃষকদের অধিকার আদায় এবং তেভাগা আন্দোলনের অগ্রণী ভুমিকা পালন করার কারনে তাবে তেভাগা আন্দোলনের জনক হিসাবে আখ্যায়িত করা হয়। তিনি ১৯৮৬ সালের ২৮ জুন মৃত্যুবরণ করেন।

# সম্পাদকীয়

বাংলাদেশের সংবিধানে গণতান্ত্রিক ব্যবস্থা সুপ্রতিষ্ঠিত করার জন্য গ্রামীণ স্থানীয় সরকার ব্যবস্থার মধ্যম ও গুরুত্বপূর্ণ স্তর হলো উপজেলা পরিষদ। সঠিক পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়নের উপর নির্ভর করে স্থানীয় জনগোষ্ঠীর কাঙ্খিত ও টেকসই উন্নয়ন। স্থানীয় জনগোষ্ঠীর চাহিদা পুরণ,কাজের দ্বৈততা পরিহার,সম্পদের সুষ্ঠ ব্যবহার এবং সঠিকভাবে কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ন করা প্রয়োজন। স্থানীয় সম্পদ ও সমস্যার আলোকে উন্নয়নের ক্ষেত্র চিহ্নিতকরণের মাধ্যমে বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়ন করা হয়েছে, যেখানে স্থানীয় জনগনের প্রত্যাশা,উন্নয়ন চাহিদা ও মতামতের সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়েছে। শিক্ষা, স্বাস্থ্য, পরিবহন ও যোগাযোগ, জনসাস্থ্য, কৃষিও সেচ, যুব ক্রীড়া, সংস্কৃতি, মৎস্য ও প্রাণিসম্পদ, মহিলা ও সমাজ কল্যাণ, পল্লী উন্নয়ন ও সমবায়, দূযোর্গ, পরিচালন ব্যবস্থা ,জনরািপত্তা ও আইন-শৃংখলা বিষয়কে অগ্রাধিকার নির্ধারন করে পঞ্চবার্ষিক পরিকল্পনা(২০২১-২০২৬) প্রণয়ন করা হয়েছে।

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে পরিস্থিতি বিশ্লেষন ও সম্পদের চিত্রায়ন,অংশীজনের সাথে আলোচনা ও মতবিনিময়ের মাধ্যমে খাত ভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ ও চাহিদা,পরিষদের সক্ষমতা,দুর্বলতা,সম্ভাবনা,চ্যালেঞ্জসমুহ নিরুপন করা হয়েছে। তাছাড়া বাজেট বিশ্লেষন,রুপকল্প,খাত ভিত্তিক লক্ষ্য ও পরিমাপযোগ্য সূচক নির্ধারণ করা হযেছে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের জন্য অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরন বিষয়ক কমিটি ও টিজিপির মতামত ও সুপারিশকে গুরুত্ব দেয়া হয়েছে।পঞ্চবার্ষিক পরিকল্পনায় অর্থের উৎস এবং অর্থ প্রবাহ বিবেচনায় বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারন ও বাজেট বিভাজন করা হয়েছে। পরিকল্পনার মাধ্যমে উপজেলা পরিষদের উন্নয়ন দৃষ্টিভঙ্গি সমন্বিতভাবে প্রতিফলিত হয়েছে যাহা স্থানীয় জনগোষ্ঠীর সন্তুষ্টির মাত্রা বৃদ্ধিতে কার্যকরি ভুমিকা পালন করবে।

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ধারা ৪২(১) ও দ্বিতীয় তফসিল (ধারা ২৩),উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও বাস্তবায়ন) বিধিমালা ২০১০ এবং উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪,উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের(ইউজিডিপি) কারিগরি নির্দেশনায় বিভিন্ন ধাপ/প্রক্রিয়া এবং নিম্ন-উর্ধমূখী (bottom up approace) পদ্ধতি অনুসরন করা হয়েছে। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়নের ক্ষেত্রে জাতীয় পরিকল্পনা ২০১০-২০২১, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৬) বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) সেক্টরাল উন্নয়ন পরিকল্পনা, সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল(এসডিজি), জাতীয় উন্নয়ন অগ্রাধিকার বিবেচনা করা হয়েছে। পরিকল্পনাকে জনমুখি ও বাস্তবায়নযোগ্য করার জন্য স্থানীয় উন্নয়ন চাহিদার অগ্রাধিকারকরণ এবং চাহিদার ব্যাপকতা ও সম্পদের সীমাবদ্ধতার মধ্যে সমন্বয় ও ভারসাম্য বজায় রেখে উপজেলা পরিষদের সক্ষমতা বিবেচনায় পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ন করা হয়েছে।

বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) উন্নয়ন পরিকাঠামো এবং পরিচালন(গর্ভন্যান্স) ব্যবস্থার উন্নয়ন নামে দুটি অংশে বিভক্ত। প্রথম অংশে উন্নয়ন পরিকাঠামো (ভূমিকা,প্রেক্ষাপট আইনগত ভিত্তি, পরিকল্পনা প্রণয়নের ধাপ/প্রক্রিয়া, আর্থ-সামজিক তথ্য-উপাত্ত, পরিস্থিতি বিশ্লেষন,বাজেট সার-সংক্ষেপ, চলমান উন্নয়ন কার্যক্রম, রূপকল্প মিশন,মূল্যবোধ,উদেশ্য,প্রত্যাশিত ফলাফল, চিহ্নিত সমস্যা, উন্নয়ন অগ্রাধিকার, খাতওয়ারি ও ইউনিয়ন ভিত্তিক বিভাজন/ পরিকল্পনা ফরম্যাট, পরিকল্পনা বাস্তবায়ন,পরিবীক্ষণ,মধ্যবর্তী ও চূড়ান্ত মূল্যায়ন, বার্ষিক প্রতিবেদনের নমুনা ফরম্যাট ।

অপরদিকে দ্বিতীয় অংশে পরিচালন (গর্ভন্যান্স) উন্নয়ন পরিকল্পনাঃ উপজেলা পরিষদের মাসিক সভা, বার্ষিক বাজেট সভা, উপজেলা কমিটির (১৭) সভা, বার্ষিক পরিকল্পনা সভা, প্রকল্প বাছাই কমিটির সভা, সম্পদ রেজিষ্টার হালনাগাদকরণ, এডিপি ও উন্নয়ন কাজের সমাপ্তি প্রতিবেদন, বার্ষিক আর্থিক হিসাব বিবরণী প্রণয়ন, উন্নয়ন কার্যক্রমের খাতওয়ারি বিভাজন, নারী ও দরিদ্র বান্ধব প্রকল্প অগ্রাধিকার, উপজেলা প্রকল্প প্রস্তাবনা ফরম্যাট ব্যবহার, ক্রয় কার্য সম্পাদন, প্রকল্প কার্যক্রম মনিটরিং/পরিবীক্ষণ, সিটিজেন চার্টার প্রকাশ, ওয়েব পোর্টাল হালনাগাদ, গণশুনানী. পঞ্চবার্ষিক পরিকল্পনার বার্ষিক পর্যবেক্ষন প্রতিবেদন প্রণয়ন, পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার মধ্যবর্তী রিভিউকরণ/মূল্যায়ন, পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার চুড়ান্ত মূল্যায়ন,উপজেলা পরিষদের সদস্য তালিকা এবং সংশ্লিষ্ট উপজেলা কমিটি ও পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কারিগরি কমিটির সদস্যদের তালিকা,উপসংহার।

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রণয়নের সময় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের কারিগরি নির্দেশনা অনুসরণপুর্বক প্রয়োজনীয় বিষয়বস্তু ও তথ্য-উপাত্ত বিভিন্ন ছক/সারণিতে বিন্যস্থ করা হয়েছে। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার উন্নয়ন পরিকাঠামো এবং পরিচালন(গর্ভন্যান্স) ব্যবস্থার উন্নয়ন পরিকল্পনার মধ্যে পরিপুরকতা তৈরী করা হয়েছে যাহা স্থানীয় উন্নয়ন চাহিদা ও সীমিত সম্পদের সঠিক ব্যবস্থাপনার মাধ্যমে অভিষ্ঠ লক্ষ্যমাত্রা অর্জন এবং সুশাসন উন্নয়নের ক্ষেত্রে একটি ভারসাম্যপূর্ণ অবস্থান তৈরী করবে । প্রকাশিত পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) নিঃসন্দেহে ভবিষ্যত কর্মপরিকল্পনার লিখিত দলিল/তথ্যভান্ডার হিসেবে স্থানীয় উন্নয়নে গুরুত্বপুর্ন ভূমিকা পালন করবে। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার(২০২১-২০২৬) মেয়াদ ১লা নভেম্বর ২০২১ খ্রিঃ থেকে কার্যকর হবে এবং ৩০ অক্টোবর ২০২৬ খ্রিঃ পর্যন্ত বলবৎ থাকবে।

ছন্দা পাল
উপজেলা নির্বাহী অফিসার
বোচাগঞ্জ,দিনাজপুর

**১.৬: উপজেলা পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ধাপ ও প্রক্রিয়াসমূহ ঃ**

যেকোন পরিকলনপনা প্রনয়নের ক্ষেত্রে প্রয়োজন সুনির্দিষ্ঠি আইন,বিধি ও নির্দেশিকা অনুযায়ী বিভিন্ন ধাপ ও প্রক্রিয়া অনুসরণ করা। উন্নয়ন পরিকল্পনার প্রাতিষ্ঠানিক কাঠামো এবং বিভিন্ন ধাপ ও প্রক্রিয়া অনুসরণ করে অংশগ্রহণমূলক আলোচনার মাধ্যমে খাত ভিত্তিক সমস্যা চিহ্নিতকরণ ও চাহিদা নিরূপণ করা হয়েছে। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ উপজেলার আওতাধীন ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদের আগামী ৫ (পাঁচ) বছরের জন্য সমন্বিত ভাবে সামগ্রিক উন্নয়ন দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয়েছে।

উপজেলা পরিষদ, জাতিগঠনমুলক সরকারী দপ্তর এবং সংশ্লিষ্ট অংশীজনের আলোচনা /পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে কিছু সংশোধনী সাপেক্ষে পরিকল্পনা প্রণয়নের প্রধান প্রধান ধাপসমূহ অনুসরণপূর্বক বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়েছে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের জন্য উপজেলা পরিষদ নিম্নোক্ত ধাপ ও প্রক্রিয়াসমুহ অনুসরণ করেছে:

- সংশ্লিষ্ট উপজেলা কমিটি ও টিজিপির কর্মপরিকল্পনা তৈরী এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের কর্মপরিকল্পনা পর্যালোচনা ।
- উপজেলা পরিষদের হস্তান্তরিত বিভাগ ও সংশ্লিষ্ট অংশীজনের সাথে মতবিনিময় সভা।
- উপজেলার পরিস্থিতি বিশ্লেষন ও বাজেট বিশ্লেষন এবং সম্পদের চিত্রায়ন করা।
- রুপকল্প, ,খাতভিত্তিক লক্ষ্য ও ফলাফলের পরিমাপযোগ্য সূচক এবং অগ্রাধিকার ও কৌশল নির্ধারণ।
- খসড়া পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা খসড়া প্রনয়ন ও অংশীজনের সাথে শেয়ার করা।
- পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা অনুমোদন এবং প্রকাশ ও প্রচার।



# জেলা প্রশাসকের বাণী

স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে উপজেলা পরিষদ স্থানীয় পর্যায়ে সেবা প্রদানের ক্ষেত্রে একটি অন্যতম গুরুত্বপূর্ন প্রতিষ্ঠান। জাতীয় সরকারের পরিকল্পনা ও উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে সহযোগী প্রতিষ্ঠান হিসাবে উপজেলা পরিষদ গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে থাকে। স্থানীয় জনগনের চাহিদা ভিত্তিক টেকসই উন্নয়ন ও উন্নত সেবা নিশ্চিতকরণের জন্য প্রয়োজন দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) কারিগরি নির্দেশনায় আইনের আলোকে স্থানীয় জনগনের চাহিদার ভিত্তিতে সরকারী-বেসরকারী অংশীজনের সাথে সমন্বয়ের মাধ্যমে বোচাগঞ্জ উপজেলা পরিষদ কর্তৃক পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রণয়নের উদ্যোগকে আমি সাধুবাদ জানাই।

এক্ষেত্রে জাতীয় পরিকল্পনা,অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা,সেক্টরাল উন্নয়ন পরিকল্পনা,এসডিজি,জাতীয় ও স্থানীয় উন্নয়ন অগ্রাধিকার বিবেচনায় বোচাগঞ্জ উপজেলা পরিষদ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার পরিকাঠামো প্রণয়ন করেছে। জাতীয় উন্নয়ন অগ্রাধিকার ও স্থানীয় চাহিদার মধ্যে সমন্বয়ের মাধ্যমে সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্য, পরিবহন ও যোগাযোগ, জনসাস্থ্য, কৃষিও সেচ, যুব ক্রীড়া, সংস্কৃতি, মৎস্য ও প্রাণিসম্পদ, মহিলা ও সমাজ কল্যাণ, পল্লী উন্নয়ন ও সমবায়, দূযোর্গ, পরিচালন ব্যবস্থা,জনরাপত্তা ও আইন-শৃংখলা বিষয়কে বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় অগ্রাধিকার উন্নয়ন খাত হিসাবে নির্ধারণ করা হয়েছে।

উক্ত পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা কার্যকরভাবে বাস্তবায়ন হলে স্থানীয় উন্নয়ন তরান্বিত,এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জণ, ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্য দূরীকরণে সহায়ক এবং অংশীজনের সমন্বয় বৃদ্ধি, উপজেলা পরিষদের সুশাসন, গর্ভন্যান্স উন্নয়ন, সেবা প্রদানে সক্ষমতা ও জনগনের সন্তুষ্টির মাত্রা বৃদ্ধি পাবে। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) প্রণয়নের সাথে সম্পৃক্ত সরকারী-বেসরকারী অংশীজনসহ কমিটির সকল সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং বাস্তবায়নে সমন্বিত সহযোগিতা কামনা করছি।

খালেদ মোহাম্মদ জাকী
জেলা প্রশাসক
দিনাজপুর



**উপপরিচালক,স্থানীয় সরকার এর বাণী**

সঠিক পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়নের উপর নির্ভর করে স্থানীয় জনগোষ্ঠীর কাঙ্খিত ও টেকসই উন্নয়ন। উপজেলা পরিষদ হচ্ছে স্থানীয় সরকার ব্যবস্থার একটি অন্যতম গুরুত্বপুর্ণ সেবা প্রতিষ্ঠান। টেকসই উন্নয়ন ও জনগনের কাঙ্খিত সেবা নিশ্চিতকরণের জন্য প্রয়োজন জনচাহিদা অনুযায়ী দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা । উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ধারা ৪২(১) এবং দ্বিতীয় তফসিল (ধারা ২৩) বোচাগঞ্জ উপজেলা পরিষদ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়ণের উদ্যোগ গ্রহন করায় আমি খুবই আনন্দিত।

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন প্রক্রিয়ার মাধ্যমে বোচাগঞ্জ উপজেলা পরিষদের আর্থ-সামাজিক চালচিত্র,চলমান উন্নয়ন প্রকল্প, সক্ষমতা, সমস্যা,সম্ভাবনা,চ্যালেঞ্জ ও স্থানীয় উন্নয়ন চাহিদার চিত্র ফুটে উঠেছে। উপজেলা পরিষদের বর্তমান অবস্থা এবং আগামী ৫ বছরে বিভিন্ন উন্নয়ন চাহিদার অগ্রাধিকারকরণে অংশীজনের সাথে আলোচনা,সরকারি-বেসরকারি দপ্তর/বিভাগের মধ্যে সমন্বয়ের মাধ্যমে উপজেলা পরিষদের সম্পদ/সক্ষমতা বিবেচনায় পরিকল্পনার রুপকল্প,খাত ভিত্তিক লক্ষ্য,পরিমাপযোগ্য সূচক নির্ধারণ করা হয়েছে।

স্থানীয় জনগনের উন্নয়ন চাহিদা এবং উপজেলা পরিষদের সক্ষমতা ও সম্ভাবনা বিবেচনায় বোচাগঞ্জ উপজেলা পরিষদ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়ণ করা হয়েছে। যেকোন পরিকল্পিত উন্নয়ন পরিকাঠামো উন্নয়ন চাহিদা নির্বাচন ও অগ্রাধিকারকরণে এবং বাস্তবায়নে জনগনকে সম্পৃক্ত করা ও স্বচ্ছতা, জবাবদিহিতা, সুশাসন নিশ্চিতকরণে সহায়ক পরিবেশ সৃষ্ঠি করে।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ কার্যকর ও সফল বাস্তবায়নের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্য দূরীকরণ, ২০৩১ সালের মধ্যে উচ্চ-মধ্যম আয়ের দেশের মর্যদা অর্জন, এসডিজি'র লক্ষ্যমাত্রা অর্জন,দারিদ্রতা হ্রাস,রুপকল্প ২০৪১ রুপায়ণে বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্প (২০২১-২০৪১) বাস্তবায়ন এবং জাতীয় ও স্থানীয় জনগোষ্ঠীর কাঙ্খিত উন্নয়নের সহায়ক পরিবেশ সৃষ্ঠি হবে।

সকলের সম্মিলিত উদ্যোগ ও সমন্বয় সহযোগিতার মাধ্যমে বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ সফল ও কার্যকর বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করছি।

(মো: মোখলেছুর রহমান )
উপপরিচালক,স্থানীয় সরকার
দিনাজপুর



**উপজেলা চেয়ারম্যানের বাণী**

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

স্থানীয় সমস্যা চিহ্নিতকরন ও সম্পদের সর্বোত্তম ব্যবহার করে জনপ্রতিনিধি,সরকারী-বেসরকারী প্রতিষ্ঠান এবং বিভিন্ন স্টেকহেল্ডারদের সম্মিলিত প্রয়াসের মাধ্যমে জনআকাঙ্খা পুরণও উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজন সঠিক পরিকল্পনা। স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে উপজেলা পরিষদ স্থানীয় পর্যায়ে সেবা প্রদানের ক্ষেত্রে একটি গুরুত্বপুর্ন প্রতিষ্ঠান। সম্পদের সীমাবদ্ধতা সত্বেও বোচাগঞ্জ উপজেলা পরিষদ তার সক্ষমতা বিবেচনায় স্থানীয় জনগোষ্ঠীর প্রত্যাশা,চাহিদা ও মতামতের সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সমন্বিতভাবে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়ন করেছে।

উপজেলা পরিষদের সক্ষমতা, সমস্যা, সম্ভাবনা, চ্যালেঞ্জ, উন্নয়ন চাহিদা, রুপকল্প, খাত ভিত্তিক লক্ষ্য, পরিমাপযোগ্য সূচক, প্রত্যাশিত ফলাফল ও বাজেটসহ সার্বিক বিষয় বিশ্লেষনপুর্বক পঞ্চবার্ষিক পরিকল্পনায় তথ্য-উপাত্ত ও বিষয়াদী অর্ন্তভুক্ত করা হয়েছে। উপজেলা পরিষদের নিজস্ব তহবিল,সরকারের উন্নয়ন অনুদান/মঞ্জুরী ও ইউজিডিপি'র অর্থায়নে পরিকল্পনা বাস্তবায়ন করা হবে। উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারী বিভিন্ন বিভাগ এবং স্থানীয় অংশীজনের কার্যক্রমের মধ্যে সমন্বয়ের মাধ্যমে স্থানীয় জনগনের চাহিদা,মতামতকে গুরুত্ব দিয়ে শিক্ষা, স্বাস্থ্য, পরিবহন ও যোগাযোগ, জনসাস্থ্য, কৃষি ও সেচ, যুব ক্রীড়া, সংস্কৃতি, মৎস্য ও প্রাণিসম্পদ, মহিলা ও সমাজ কল্যাণ,পল্লী উন্নয়ন ও সমবায়, দূযোর্গ, পরিচালন ব্যবস্থা ও আইন-শৃংখলা বিষয়কে অগ্রাধিকার নির্ধারণ করে পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৬) প্রণয়ন করা হয়েছে।

বোচাগঞ্জ উপজেলা পরিষদের বর্তমান অবস্থা, অর্থনৈতিক চালচিত্র, আর্থসামাজিক মানদন্ডে উপজেলার বর্তমান অগ্রগতি ও আগামী ৫ বছরে বিভিন্ন ক্ষেত্রে আমাদের কাঙ্খিত গন্তব্যস্থল এই পঞ্চবার্ষিক পরিকল্পনা। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তাবায়িত হলে বোচাগঞ্জ উপজেলা পরিষদের সেবা প্রদানের সক্ষমতা, স্বচ্ছতা, জবাবদিহীতা বৃদ্ধি পাবে এবং স্থানীয় জনগোষ্ঠীর উন্নয়ন তরান্বিত ও জাতীয় উন্নয়নে সহায়ক হবে বলে আমি মনে করি।

বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করছি।

মো: জুলফিকার হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
বোচাগঞ্জ,দিনাজপুর



## উপজেলা নির্বাহী অফিসারের বাণী

উপজেলা পরিষদ আইন ১৯৯৮(সংশোধিত ২০১১) ধারা ৪২ মোতাবেক আর্থ-সামাজিক উন্নয়নের জন্য দেশের প্রতিটি উপজেলার পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের আইনগত বাধ্যবাধকতা রয়েছে। টেকসই উন্নয়ন ও জনগনের কাঙ্খিত সেবা নিশ্চিতকরনের জন্য জনচাহিদা অনুযায়ী দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রয়োজন। সঠিক পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়নের উপর নির্ভর করে স্থানীয় জনগোষ্ঠীর কাঙ্খিত ও টেকসই উন্নয়ন। উপজেলা পরিষদ একটি স্থানীয় সেবা প্রতিষ্ঠান হিসাবে জনগনের খুব কাছে থেকে চাঞ্জিদা ভিত্তিক উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। আইন,বিধি,পরিপত্র,নির্দেশিকা,উন্নয়ন পরিকল্পনার কাঠামো এবং বিভিন্ন ধাপ ও প্রক্রিয়া অনুসরণ করে সরকারের বিভিন্ন বিভাগ এবং সমন্বয়ের মাধ্যমে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ পরিকল্পনার রুপরেখা প্রয়ন করা হয়েছে।

সংশ্লিষ্ট অংশীজন ও স্থানীয় জনগনের চাহিদা,মতামত পরামর্শকে গুরুত্ব দিয়ে শিক্ষা, স্বাস্থ্য, পরিবহন ও যোগাযোগ, জনসাস্থ্য, কৃষিও সেচ, যুব ক্রীড়া, সংস্কৃতি, মৎস্য ও প্রাণিসম্পদ, মহিলা ও সমাজ কল্যাণ, পল্লী উন্নয়ন ও সমবায়, দূযোর্গ, পরিচালন ব্যবস্থা,জনরািপত্তা ও আইন-শৃংখলা বিষয়কে অগ্রাধিকার নির্ধারন করে পঞ্চবার্ষিক পরিকল্পনা(২০২১-২০২৬) প্রণয়ন করা হয়েছে। উপজেলা পরিষদের নিজস্ব তহবিল,সরকারের উন্নয়ন অনুদান,বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি),ইউজিডিপি'র অর্থায়নে পরিকল্পনা বাস্তবায়ন করা হবে। সরকারের বিভিন্ন বিভাগ এবং স্থানীয় অংশীজনের কার্যক্রমের মধ্যে সমন্বয়ের মাধ্যমে পরিকল্পনার রুপরেখা প্রয়ন করা হয়েছে। এক্ষেত্রে জাতীয় পরিকল্পনা,অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা,সেক্টরাল উন্নয়ন পরিকল্পনা,এসডিজি,জাতীয় ও স্থানীয় উন্নয়ন অগ্রাধিকার এবং নিম্ন-উর্ধমূখী (bottom up approace) পদ্ধতি অনুসরন করা হয়েছে।

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা উপজেলা পরিষদের,স্বচ্ছতা,জবাবদিহিতা বৃদ্ধি,সুশাষন উন্নয়ন, পরিচালন ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধি ও সেবার মান উন্নয়ন, তৃণমুলে অংশীজনের সমন্বয় বৃদ্ধি,এবং জনগনের সন্তুষ্টি অর্জনে সহায়ক হবে। তাছাড়া উক্ত পরিকল্পনা বাস্তবায়নের জাতীয় অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন, এসডিজি'র লক্ষ্যমাত্রা, ২০৩০ সালের মধ্যে চরম দারিদ্র্য দূরীকরণ, ২০৩১ সালের মধ্যে উচ্চ-মধ্যম আয়ের দেশের মর্যদা অর্জন এবং ২০৪১ সালে উন্নত বাংলাদেশ বির্নিমানে ও জাতীয় উন্নয়নে সহায়ক হবে বলে আমি মনে করি।

বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং সুষ্ঠু, সুন্দর,কার্যকর ও সর্বোত্তম বাস্তবায়নে সকল অংশীজনের সর্বাত্মক সহযোগিতা প্রত্যাশা করছি।

ছন্দা পাল
উপজেলা নির্বাহী অফিসার
বোচাগঞ্জ,দিনাজপুর



## ভাইস চেয়ারম্যানের বাণী

স্থানীয় জনগনের কাঙ্খিত সেবা প্রদান ও আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে উপজেলা পরিষদ আইন ১৯৯৮(পুন:প্রবর্তিত ২০০৯ ও সংশোধিত ২০১১) ধারা ৪২ মোতাবেক বোচাগঞ্জ উপজেলা পরিষদ কর্তৃক পঞ্চবার্ষিক পরিকল্পনা(২০২১-২০২৬) প্রণয়নের উদ্যোগ গ্রহন করা হয়েছে। অসীম চাহিদা ও সীমিত সম্পদের মধ্যে ভারসাম্য বজায় রেখে উপজেলা পরিষদকে তার উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করতে হয়। স্থানীয় জনগনের চাহিদা,মতামত পরামর্শকে গুরুত্ব দিয়ে শিক্ষা অবকাঠামো নির্মাণ ও সরবরাহ, স্বাস্থ্য, পরিবহন ও যোগাযোগ, স্বাস্থ্য , জনসাস্থ্য, কৃষি ও ক্ষুদ্র সেচ, যুব ক্রীড়া, সংস্কৃতি উন্নয়ন, মৎস্য ও প্রাণিসম্পদ, মহিলা ও সমাজ কল্যাণ, পল্লী উন্নয়ন ও সমবায়, পরিচালন ও আইন-শৃংখলা উন্নয়ন বিষয়কে অগ্রাধিকার নির্ধারন করে পঞ্চবার্ষিক পরিকল্পনা(২০২১-২০২৬) প্রণয়ন করা হয়েছে।

সরকারের উন্নয়ন অনুদান,বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি),ইউজিডিপি এবং নিজস্ব অর্থায়নে অংশগ্রহনমুলক সিদ্ধান্তের মাধ্যমে বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন করা হবে। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়িত হলে তৃণমুলের সমস্যার সমাধান হবে এবং স্থানীয় জনগন খাত ভিত্তিক উন্নয়ন সুফল ভোগ করবে। পরিকল্পনায় স্থানীয় জনগনের চাহিদা ও প্রয়োজনীয়তা বিবেচনা করে অগ্রাধিকারকরণের মাধ্যমে সকল উন্নয়ন খাত অর্ন্তভুক্ত করা হয়েছে বিধায় জনপ্রতিনিধি হিসাবে আমি অত্যন্ত খুশি ও আনন্দিত।

বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৬) বাস্তবায়নের জন্য প্রয়োজন উপজেলার বিভিন্ন দপ্তর ও অংশীজনের মধ্যে সমন্বয় সহযোগিত। উক্ত পরিকল্প প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছ এবং বাস্তবায়নে জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

মো: নুর আলম
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ,দিনাজপুর



# মহিলা ভাইস চেয়ারম্যানের বাণী

জনসেবা এবং এলাকার উন্নয়নে ভুমিকা পালনের মধ্য দিয়ে জনপ্রতিনিধিদের কাজ করতে হয় । উপজেলা পরিষদ একটি সেবা প্রতিষ্ঠান হিসাবে সীমিত সম্পদের কার্যকর ব্যবহারের মাধ্যমে জনগনকে সেবা প্রদান করতে হয়। সেজন্য প্রয়োজন সুনির্দিষ্ট উন্নয়ন পরিকল্পনা। উপজেলা পরিষদ আইন ১৯৯৮(পুন:প্রবর্তিত ২০০৯ ও সংশোধিত ২০১১) ধারা ৪২ মোতাবেক বোচাগঞ্জ উপজেলা পরিষদ কর্তৃক পঞ্চবার্ষিক পরিকল্পনা(২০২১-২০২৬) প্রণয়নের উদ্যোগ গ্রহন করা হয়েছে।

পঞ্চবার্ষিক পরিকল্পনা আমাদেরকে খাত ভিত্তিক উন্নয়ন কাজ বাস্তবায়নের সুযোগ করে দিয়েছে পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৬)। জনগনের চাহিদা ও স্থানীয় প্রয়োজন এবং নারী অধিকার ও নারী বান্ধব প্রকল্প প্রণয়নে মূখ্য বিবেচনায় শিক্ষা অবকাঠামো নির্মাণ ও সরবরাহ, স্বাস্থ্য, পরিবহন ও যোগাযোগ, স্বাস্থ্য , জনসাস্থ্য, কৃষি ও ক্ষুদ্র সেচ, যুব ক্রীড়া, সংস্কৃতি উন্নয়ন, মৎস্য ও প্রাণিসম্পদ, মহিলা ও সমাজ কল্যাণ, পল্লী উন্নয়ন ও সমবায়, পরিচালন ও আইন-শৃংখলা উন্নয়ন বিষয়কে অগ্রাধিকার নির্ধারন করে পঞ্চবার্ষিক পরিকল্পনা(২০২১-২০২৬) প্রণয়ন করা হয়েছে। পরিকল্পনায় স্থানীয় জনগনের চাহিদা ও প্রয়োজনীয়তা বিবেচনা করে অগ্রাধিকারকরণের মাধ্যমে সকল উন্নয়ন খাত অর্ন্তভুক্ত করা হয়েছে বিধায় জনপ্রতিনিধি হিসাবে আমি অত্যন্ত আনন্দিত। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়িত হলে তৃণমুলের সমস্যার সমাধান হবে এবং স্থানীয় জনগন খাত ভিত্তিক উন্নয়ন সুফল ভোগ করবে

সরকারের উন্নয়ন অনুদান,বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি),ইউজিডিপি এবং নিজস্ব অর্থায়নে আইন,বিধি,পরিপত্র,নির্দেশিকার আলোকে অংশগ্রহনমুলক সিদ্ধান্তের মাধ্যমে বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন করা হবে। আমি মনে করি পঞ্চবার্ষিক পরিকল্পনায় গৃহিত প্রকল্পসমুহ বাস্তবায়িত হলে নারী উন্নয়নসহ অন্যান্য খাতের উন্নয়ন তরান্বিত হবে। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৬) প্রণয়নের সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জানাচ্ছি এবং বাস্তবায়নের জন্য সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করছি।

পুতুল রানী রায়
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ,দিনাজপুর

# দ্বিতীয় অধ্যায়



**২.১:বোচাগঞ্জ উপজেলার আর্থ-সামজিক তথ্য-উপাত্তঃ**

পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য স্থানীয় পর্যায়ের বিভিন্ন উৎস থেকে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে। পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে হালনাগাদকৃত জনসংখ্যা বিষয়ক এবং আর্থ-সামাজিক তথ্য-উপাত্ত খুবই গুরুত্বপুর্ন বিষয় । পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে উপজেলা পরিষদ,ইউনিয়ন পরিষদ,সরকারী বিভিন্ন দপ্তর,বেসরকারি উন্নয়ন সংস্থা থেকে আর্থ-সামাজিক বিভিন্ন তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে। সংগ্রহিত তর্থ-উপাত্ত পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের পরবর্তী করনীয় বা উন্নয়ন প্রকল্প গ্রহনে ভিত্তি হিসাবে কাজ করবে। উক্ত তথ্য উপাত্তের সুত্র হবে আদমশুমারী ২০১১,উপজেলা পরিসংখ্যান ২০১১,কৃষি শুমারী ২০১৯, জাতীয় খানা শুমারী ২০১৮,হেল্থ বুলেটিন এবং উপজেলার বিভিন্ন উন্নয়ন সংস্থা থেকে প্রাপ্ত তথ্য। সংগৃহিত আর্থ-সামাজিক তথ্য-উপাত্তকে উপজেলার পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে সন্নিবেশিত ও বিন্যস্থ করা হয়েছে। উপজেলার তথ্যের খাত/শ্রেণিভিত্তি তথ্য-উপাত্ত বিভিন্ন 'ছক' বা সারণীতে বিন্যস্ত করা হয়েছে। বোচাগঞ্জ উপজেলার আর্থ-সামাজিক তথ্য-উপাত্ত নিম্নে প্রদান করা হলো।:

**"ছক ১: বোচাগঞ্জ উপজেলার আর্থ-সামাজিক তথ্য-উপাত্তঃ**

| **তথ্যের শ্রেণি** | **বিবরণ** | **সংখ্যা/পরিমান** | **তথ্যসুত্র** |
|---|---|---|---|
| প্রশাসনিক তথ্য | উপজেলার আয়তন | ২২৪.৮১ ব.কি.মি | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় |
| | ইউনিয়ন | ৬টি | |
| | পৌরসভা | ১টি | |
| | গ্রাম | ১৪১টি | |
| | মৌজা | ১৩৯ | |
| | সাব-রেজিষ্ট্রি অফিস | ১টি | |
| | পোষ্ট অফিস | ১টি | |
| | মুক্তিযোদ্ধা কার্যালয় | ১টি | |
| | সাব রেজিষ্টার অফিস | ১টি | |
| | ডাক বাংলো | ১টি | |
| | সেটেলমেন্ট অফিস | ১টি | |
| | রেল ষ্টেশন | ৩টি | (মোল্লা পাড়া,সেতাবগঞ্জ, সুলতানপুর স্কুল) |
| | গ্রোথ সেন্টার | ৩টি | সেতাবগঞ্জ,হাটরামপুর ও মাহেরপুর হাট |
| | হাট-বাজার | ২১টি | |
| | বিওপি | ১টি | পরমেশ্বরপুর |
| | সীমান্ত এলাকা | ২.৫০কি.মি | ছাতইল ইউনিয়ন |
| | নদী | ২টি, | ৫০কি.মি.(টাংগন ও সোয়া নদী |
| | খাল | ৩টি | ৩৯.৫০ কি.মি |
| | বিল | ৩টি | বুহিগাও,ডহরা ও লক্ষনীয়া |
| পরিসংখ্যান/জনসংখ্যা-তাত্বিক তথ্য | জনসংখ্যার ঘনত্ব | ৭১২কি.মি | জনশুমারী ও গৃহগণনা জরিপ ২০১১ |
| | মোট খানা | ৩৯২৪৬টি | |
| | মোট জনসংখ্যা | ১৬০০৪৯ জন | |
| | পুরষ | ৮০৪২৮ জন | |
| | নারী | ৭৯৬২১ জন | |
| | বার্ষিক জনসংখ্যা বৃদ্ধির হার | ০.৯৬% | |
| | শিক্ষার হার (৭ বছর এবং তদূর্দ্ধ) | ৫২/৬% | |
| **তথ্যের শ্রেণি** | **বিবরণ** | **সংখ্যা/ পরিমান/দের্ঘ্য** | **তথ্যসুত্র** |
| অবকাঠামো সংক্রান্ত বিষয়ক তথ্য | উপজেলার রাস্তা | ৭২৫**কি.মি.** | |
| | উপজেলার পাকা রাস্তা | ১০৭কি.মি. | |
| | ইউনিয়ন পাকা রাস্তা | ৩২২কি.মি. | |
| | **কালভার্ট/ ব্রীজ** | ৪০১মিটার | |
| | এডিপি প্রকল্প (পিআইসি) | ১৪টি | |
| | এডিপি (প্রকল্প টেন্ডার) | | |
| | স্কুল নির্মাণ প্রকল্প (পিইডিপি-৪) | ১৩২টি | |
| | স্কুল (বড় ধরনের মেরামত প্রকল্প) | ১৬টি | |
| | সুইস/রাবার ড্যাম/রেগুলেটর | ৬টি | |
| | ইউজিডিপি সক্ষমতা উন্নয়ন (পিআইসি) | ৮টি | |
| | ইউজিডিপি অবকাঠামো | ৩টি | |
| | গ্রোথ সেন্টার/হাট বাজার | ৬টি | |
| | খাল খনন | ১০কি.মি. | |
| | ক্ষুদ্রাকার পানসম্পদ ব্যবস্থাপনা | ২.৫ হেক্টর | |
| | উপজেলা মুকিথযোদ্ধা কমপ্লেক্স | ১টি | |
| | অস্বচ্ছল মুক্তিযোদ্ধা নিবাস | ২টি | |

| তথ্যের শ্রেণি | বিবরণ | সংখ্যা/পরিমান | তথ্যসুত্র |
|---|---|---|---|
| ভুমি বিষয়ক তথ্য | ইউনিয়ন ভূমি অফিস | ৬ টি | |
| | মোট খাস জমির পরিমাণ | ১৭৭২.৭৬ একর | |
| | বন্দোবস্তযোগ্য কৃষি খাস জমি | ৬১৮.৩২৬০ একর | |
| | বন্দোবস্তকৃত কৃষি খাস জমি | ৬১৭.২০ একর | |
| | অবশিষ্ট বসবাসযোগ্য খাস জমি | ১.১২ একর | |
| | বন্দোবস্তযোগ্য অকৃষি খাস জমি | ৪.৪০একর | |
| | আবাদী জমি | ৪৪৭২৪ একর | |
| | অনাবাদী জমি | ১১৭ একর | |
| | বসতবাড়ী র জমি | ২৬০৬ একর | |
| | জলাশয়ের জমি | ১৪৭৯ একর | |
| | শিল্প কারখানার জন্য জমি | ২১০ একর | |
| | জলমহালের সংখ্যা | ২৪৬ টি | |
| | মোট খাস পুকুরের সংখ্যা | ২৪৬ টি | |
| | মোট আদর্শ গ্রামের সংখ্যা | ৫টি | |
| | মোট আবাসনের সংখ্যা | | |
| | মোট আশ্রয়ন প্রকল্পের সংখ্যা | ২৯টি | |

| তথ্যের শ্রেণি | বিবরণ | সংখ্যা/পরিমান | তথ্যসুত্র |
|---|---|---|---|
| বিদ্যুতায়ন বিষয়ক তথ্য | বিদ্যুৎ সঞ্চালন লাইন (নেসকো) | ২৯৫কি.মি. | নেসকো ,বোচাগঞ্জ |
| | বিদ্যুৎ ব্যবহারকারী পরিবার (নেসকো) | ১৬৮৭৮টি | নেসকো ,বোচাগঞ্জ |
| | বৈদ্যুতিক উপকৃন্দ্রে ক্ষমতা ( নেসকো) | ২০/২৬ এমডিএ | নেসকো ,বোচাগঞ্জ |
| | বিদ্যুৎ সঞ্চালন লাইন (পল্লী বিদ্যুৎ) | ৭৩৯ কিমি | আরইবি, বোচাগঞ্জ |
| | বিদ্যুৎ ব্যবহারকারী পরিবার (পল্লী বিদ্যুৎ) | ৩০২৬২ জন | আরইবি, বোচাগঞ্জ |
| | বৈদ্যুতিক উপকৃন্দ্রে ক্ষমতা (পল্লী বিদ্যুৎ) | - | আরইবি, বোচাগঞ্জ |

| তথ্যের শ্রেণি | বিবরণ | সংখ্যা/পরিমান | তথ্যসুত্র |
|---|---|---|---|
| প্রাথমিক শিক্ষা সম্পর্কিত তথ্য | সরকারী প্রাথমিক বিদ্যালয় | ১৩২টি | |
| | বে-সরকারী প্রাথমিক বিদ্যালয় | ৮১টি | |
| | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীর মোট সংখ্যা | ১৫৩৭০ জন | |
| | প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রীর সংখ্যা | ৭৫৯৩ জন | |
| | প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রের সংখ্যা | ৭৭৭৭ জন | |
| | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের সংখ্যা | ৬১২ জন | |
| | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ভর্তির হার | ৯২% | |
| | বিদ্যুৎ সংযোগ নাই এমন প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা | ১৩২টি | |
| | ওয়াশব্লক নাই এমন প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা | ১০২টি | |
| | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীর অনুপাত | ১.২৭% | |
| | বিভিন্ন বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন | ১১ টি | |
| | উপবৃত্তির আওতায় শিক্ষার্থীর সংখ্যা | ১৪০৫ জন | |

| **তথ্যের শ্রেণি** | **বিবরণ** | **সংখ্যা** | **তথ্যসুত্র** |
|---|---|---|---|
| মাধ্যমিক শিক্ষা সম্পর্কিত তথ্য | সরকারী মাধ্যমিক বিদ্যালয় | ১টি | |
| | বে-সরকারী মাধ্যমিক বিদ্যালয় | ৪৪টি | |
| | নিম্ন মাধ্যমিক বিদ্যালয় | ৫টি | |
| | সরকারী কলেজ | ১টি | |
| | বে-সরকারী কলেজ | ৭টি | |
| | দাখিল মাদরাসা | ১১ | |
| | নন-এমপিওভুক স্বতন্ত্র এবতেদায়ী মাদরাসা | ৩টি | |
| | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী সংক্যা | ২২৪৮৬ জন | |
| | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষকের সংখ্যা | ১০১২জন | |
| | পর্যাপ্ত শ্রেণি কক্ষ নাই এমন স্কুল,কলেজ,মাদরাসার সংখ্যা | ৮টি | |
| | কম্পিউটার/ ল্যাপটপ নাই এমন বিদ্যালয়ের সংখ্যা | ৫টি | |
| | মাল্টিমিডিয়া প্রজেক্টর নাই স্কুল,কলেজ,মাদরাসার সংখ্য | ১৫টি | |

| | | | |
|---|---|---|---|
| | ওয়াশব্লক নাই এমন স্কুল,কলেজ,মাদরাসার সংখ্য | ৫টি | |
| | পর্যাপ্ত বেঞ্চ ও আসবাব পত্র নাই স্কুল,কলেজ,মাদরাসার সংখ্য | ১৫টি | |
| | জেএসসি পরীক্ষার পাশের হার | ৮১.৯১% | |
| | এসএসসি পরীক্ষার পাশের হার | ৯৪% | |
| | এইচ এসসি পরীক্ষার পাশের হার | ৫৬.৩১% | |
| | স্নাতক শ্রেণির পরীক্ষার পাশের হার | ৮০% | |
| | অনার্স পারীক্ষার পাশের হার | ৯০% | |

| **তথ্যের শ্রেণি** | **বিবরণ** | **সংখ্যা** | **তথ্যসুত্র** |
|---|---|---|---|
| স্বাস্থ্য বিষয়ক তথ্য | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | ১টি | |
| | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | ৬টি | |
| | কমিউনিটি ক্লিনিক | ২২টি | |
| | কতটি কমিউনিটি ক্লিনিক নির্মাণ করা প্রয়োজন | ৩টি | |
| | কতটি কমিউনিটি ক্লিনিক সংস্কার করা প্রয়োজন | ৭টি | |
| | কতটি কমিউনিটি ক্লিনিকের সম্প্রসারন করা প্রয়োজন | ৬টি | |
| | প্রাতিষ্ঠানিক ডেলিভারীর সংখ্যা | ২০২৫ জন | |
| | অপ্রাতিষ্ঠানিক ডেলিভারীর সংখ্যা | ৯৫৪জন | |
| | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত রোগীর সংখ্যা | ৬৬১২২ জন | |
| | টিকা গ্রহনকারী শিশুর সংখ্যা | ২৮৫০ জন | |

| তথ্যের শ্রেণি | বিবরণ | সংখ্যা/পরিমান | তথ্যসুত্র |
|---|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা বিষয়ক তথ্য | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সংখ্যা | ৫টি | |
| | ক) নির্মিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সংখ্যা | ৫টি | |
| | খ) অনির্মিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সংখ্যা | ০ | |
| | গ) সদর পরিবার পরিকল্পনা ক্লিনিক | ১টি | |
| | কমিউনিটি ক্লিনিকের সংখ্যা | ২২টি | |
| | ক) নির্মিত | ২২ | |
| | খ) অনির্মিত | ০ | |
| | উপজেলা মোট সক্ষম দম্পতি | ৩৪৯১৯ জন | |
| | সর্বমোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা | ২৮৮৩১ জন | |
| | পদ্ধতি গ্রহণকারীর হার | ৮২.৫৭% | |
| | মোট স্যাটেলাইট ক্লিনিকের সংখ্যা | ২৪টি | |
| | কর্মরত এন.জি.ও-এর নাম | এফপিএযি | |
| | সিএসবিএ (কমিউনিটি স্কিলড বার্থ এ্যাটেনডেন্স) সংখ্যা | ১ জন | |

| তথ্যের শ্রেণি | বিবরণ | সংখ্যা | তথ্যসুত্র |
|---|---|---|---|
| কৃষি বিষয়ক তথ্য | ব্লকের সংখ্যা | ১৮টি | |
| | মোট আবাদযোগ্য জমি | ১৭৪৯৪ হেক্টর | |
| | এক ফসলী জমি | ৫৭৬ হেক্টর | |
| | দুই ফসলী জমি | ৯০৪৮ হেক্টর | |
| | তিন ফসলী জমি | ৭৪৪৩ হেক্টর | |
| | বোরো – পতিত– রোপা আমন | ৪৫০০ হেক্টর | |
| | বোরো– পতিত/রোপা আমন | ১৪৪৫ হেক্টর | |
| | **কৃষি পরিবার সংখ্যা** | ৩০৬৮০জন | |
| | ভূমিহীন কৃষি পরিববার | ১৯৮০ জন | |
| | প্রান্তিক কৃষি পরিবার | ১১৫২০ জন | |
| | ক্ষুদ্র কৃষি পরিবার | ১১৭১৬ জন | |
| | মাঝারী কৃষি পরিার | ৪৮৬৫ জন | |
| | বড় কৃষি পরিবার | ৫৯৮ জন | |
| | বিসিআইসি সার ডিলার | ১০ জন | |
| | খুচরা সার ডিলার | ২৭ জন | |
| | বিএডিসি সার ডিলার | ১৪জন | |
| | বিএডিসি বীজ ডিলার | ২৫ জন | |
| | কীটনাশক ডিলার | ১৪৫ জন | |
| | গভীর নলকূপ | ১৩৯টি | |
| | অগভীর নলকূপ | ৬৯৬৫টি | |
| | এলএলপি | ৪৩টি | |
| | খাদ্য উৎপাদন | ১০৮৩১৩ মে.টন | |

| | | | |
|---|---|---|---|
| | খাদ্য চাহিদা | ৪২৬৬০ মে.টন | |
| | খাদ্য উদ্বৃত্ত | ৬৬৬৫৩ মে.টন | |

| তথ্যের শ্রেণি | বিবরণ | সংখ্যা/পরিমান | তথ্যসুত্র |
|---|---|---|---|
| মৎস্য বিষয়ক তথ্য | ইউনিয়নের সংখ্যা | ৬ টি | জুন ২০২১ |
| | পৌরসভার সংখ্যা | ১ টি | |
| | বাৎসরিক মাছের মোট চাহিদা | ৩৯০০.৫০ মেঃটন | |
| | বাৎসরিক মাছের মোট উৎপাদন | ৫২৮৮.৫৫ মেঃটন | |
| | বাৎসরিক মাছের উদ্বৃত্ত | ১৩৮৮.০৫ মেঃটন | |
| | মৎস্যজীবি সমিতির সংখ্যা | ৮ টি | |
| | মৎস্যজীবির সংখ্যা | ১০৭০ জন | |
| | মৎস্য চাষির সংখ্যা | ৩৮১২ জন | |
| | মৎস্য চাষী সমিতির সংখ্যা | ৩০ টি | |
| | পোনা ব্যবসায়ীর সংখ্যা | ৭০ জন | |
| | মৎস্য আড়ত সংখ্যা | ০৪ টি | |
| | মাছের হাট বাজার | ২৫ টি | |
| | বরফকল | ৩ টি | |
| | প্রশিক্ষণ প্রাপ্ত মৎস্য চাষির সংখ্যা | ৭০০ জন | |
| | মৎস্য অভয়াশ্রম | ৩টি | |
| | সমাজ ভিত্তিক মাছচাষ | ৩ টি | |
| | সরকারী দিঘী/ পুকুরের সংখ্যা | ২২০ টি | |
| | বেসরকারী দিঘী/ পুকুরের সংখ্যা | ৪৪৮৮ট | |
| | বাণিজ্যিক মৎস্য খামারের সংখ্যা | ১৬৫টি | |
| | সরকারী বিলের সংখ্যা | ৪টি | |
| | প্লাবন ভূমির সংখ্যা | ৬০ টি | |
| | খালের সংখ্যা | ৪টি | |
| | নদীর সংখ্যা | ৪ টি | |
| | ধান ক্ষেতে মাছ চাষের প্লট সংখ্যা | ৪১০টি | |
| | নার্সারীর সংখ্যা | ৩৬টি | |
| | সড়ক ও জনপদের জলাশয় সংখ্যা | ২ টি | |
| | রেলওয়ে জলাশয়ের সংখ্যা | ৮ টি | |
| | সরকারী মৎস্য হ্যাচারী সংখ্যা | ১টি | |
| | বেসরকারী মৎস্য হ্যাচারী সংখ্যা | ৫টি | |

| তথ্যের শ্রেণি | বিবরণ | সংখ্যায় কতজন/কয়টি | টাকার পরিমাণ | মাসিক/বার্ষিক |
|---|---|---|---|---|
| সমাজসেবা বিষয়ক তথ্য | বয়স্ক ভাতা | ৮৫৬৩জন | ৫১৩৭৮০০০/ | ৫০০/ মাসিক |
| | বিধবা ভাতা | ৫৮১২জন | ৩৪৮৭২০০০ | ৫০০/মাসিক |
| | মুক্তিযোদ্ধা ভাতা | ১১৭জন | ২৮০৮০০০০/ | ২০০০০/মাসিক |
| | প্রতিবন্ধি ভাতা | ২৩৯৪জন | ২১৫৪৬০০০/ | ৭৫০/মাসিক |
| | **শিক্ষা প্রতিবন্ধি উপবৃত্তি** | | | |
| | প্রাথমিক | ১০৯ জন | ৯৮১০০০/ | ৭৫০/মাসিক |
| | মাধ্যমিক | ৩৭জন | ৩৫৫২০০/ | ৮০০/মাসিক |
| | উচ্চ মাধ্যমিক | ১৬জন | ১৭২৮০০/ | ৯০০/মাসিক |
| | ডিগ্রি/অনার্স | ৫জন | ৭৮০০০/ | ১৩০০/মাসিক |
| | দলিত, হরিজন ভাতা | ৬৬জন | ৩৯৬০০০/ | ৫০০/মাসিক |
| | সেচ্ছাসেবী প্রতিষ্ঠান | ৬৭টি | ১৪০০০০/ | বার্ষিক |
| | নিবন্ধনকৃত বেসরকারী এতিমখানা | ৮টি | ৩৯৩৬০০০/ | বার্ষিক |
| | দলিত, হরিজন ও বেদে শিক্ষার্থীদের শিক্ষা ভাতা | ১৫জন | ১৫৭৮০০/ | |
| | ক্ষুদ্র ঋণ কর্মসূচী (আরএসএস) | ৫৩৯ জন | ৭০২৫০০০/ | |
| | পল্লী মাতৃকেন্দ্র | ৯১জন | ১৭৬৭৫০০/ | |
| | এসিডদগ্ধ মহিলা ও প্রতিবন্ধীদের পূর্ণবাসন কার্যক্রম | ২৭১জন | ১৬৪১০০০/ | |

| তথ্যের শ্রেণি | বিবরণ | সংখ্যা/পরিমান | তথ্যসুত্র |
|---|---|---|---|
| জনস্বাস্থ্য বিষয়ক তথ্য | স্যানিটারি ল্যাট্রিন ব্যবহার করে এমন পরিবারের সংখ্যা | ৩০৬১৮টি | |
| | স্যানিটারি ল্যাট্রিন ব্যবহার করে এমন পরিবারের হার | ৯৫.০২% | |
| | বিশুদ্ধ পানি ব্যবহার করে এমন পরিবারের সংখ্যা | ২৯০৫৯টি | |
| | বিশুদ্ধ পানি ব্যবহার করে এমন পরিবারের হার | ৯৬.০১% | |
| | স্যানিটারি ল্যাট্রিন ব্যবহার করে এমন শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা | ১৩২টি | |
| | স্যানিটারি ল্যাট্রিন ব্যবহার করে এমন শিক্ষা প্রতিষ্ঠানের হার | ১০০% | |
| | কমিউনিটি ল্যাট্রিন রয়েছে এমন বাজারের সংখ্যা | ০২টি | |

| | | | |
|---|---|---|---|
| | অগভীর ০৬নং পাম্পযুক্ত নলকূপ | ৮১২টি | |
| | অগভীর তারা ডেভহেড নলকূপ | ২৯০টি | |
| | পিইডিপি-৩ প্রকল্পের ল্যাট্রিন নির্মিত | ৩টি | |
| | বিশ্ব হাত ধোয়া দিবস পালন | ১টি | |

| তথ্যের শ্রেণি | **বাগানের ধরন** | কি. মি./পরিমান | সংখ্যা | বাগানের অবস্থা |
|---|---|---|---|---|
| বন বিষয়ক তথ্য | স্ট্রীপ বাগান | ৮৭কি.মি | | |
| | বাঁধ বাগান | ২৫কি.মি | | |
| | বেত বাগান | ১০.০০ একর | | |
| | করাত কল | -- | ২২টি | |
| | বনভুমির পরিমান | ১৮৪ একর | | |
| | শোভাবর্ধন বাগান | ৪কি.মি. | | |
| | বে-সরকারি স্থায়ী নার্সারী | - | ২২ | |
| | রাস্তার পাশে বৃক্ষরোপন কর্মসুচি | ১০কি.মি | | |
| | ব্লক প্লান্টেশন কর্মসুচি | ২৫ হেক্টর | | |
| | বেতবাগান | ১০ হেক্টর | | |

| তথ্যের শ্রেণি | বিবরণ | সংখ্যা/পরিমান | তথ্যসুত্র |
|---|---|---|---|
| মহিলা বিষয়ক তথ্য | ভিজিডি কর্মসূচী | ২২৫৮ জন | |
| | দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচী | ৩৬০ জন | |
| | প্রশিক্ষণ কর্মসূচী | ০২ | |
| | যৌতুক বিরোধী সামাজিক সচেতনতা ও উদ্বুদ্ধকরন সভা | ১ | |
| | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ | ৩ | |
| | স্বেচ্ছাসেবী মাহিলা সংগঠন | ১৪ | |
| | ক্ষুদ্রঋণ | ২৮৫ জন | |
| | কিশোর কিশোরী ক্লাব | ৭ | |
| | প্রশিক্ষণ | ১ | |
| | কিশোর কিশোরী ক্লাব পরিচালনা | ৭ | |

| তথ্যের শ্রেণি | বিবরণ | সংখ্যা/পরিমান | তথ্যসুত্র |
|---|---|---|---|
| প্রাণিসম্পদ বিষয়ক তথ্য | গরু | ১৯৩২৩১ টি | |
| | মহিষ | ১৭৭টি | |
| | ছাগল | ৯২৮৫৯টি | |
| | ভেড়া | ৪৬৯টি | |
| | গাভীর খামার রেজিষ্ট্রিকৃত | ৮৪টি | |
| | হাঁস মুরগির খামার | ৭৮টি | |
| | টিকা (গবাদি পশু) | ১০৫৬৬০টি | |
| | টিকা (হাঁস মুরগি) | ৫১৪৫০০টি | |
| | কৃত্রিম প্রজনন | ৬৭৭৯টি | |
| | উন্নত জাতের ঘাস চাষ | ১০৩০ একর | |
| | চিকিৎসা (গবাদিপশু) | ২৬৮৪৪ টি | |
| | চিকিৎসা (হাঁসমুরগি) | ১২০২১টি | |
| | ডিম উৎপাদন | ৯৫২১৭০ কোটি | |
| | দুধ উৎপাদন | ২১১২০ মে.টন | |
| | মাংস উৎপাদন | ১৬১৫০ মে.টন. | |
| | প্রাণিসম্পদ চিকিৎসালয় | ১টি | |
| | কৃত্রিম প্রজনন উপকেন্দ্র | ১টি | |
| | কৃত্রিম প্রজজন পয়েন্ট (ইউনিয়ন পর্যায়ে) | ৮টি | |
| | মুরগী (দেশী/ উন্নত জাত) | ১০৭৪৭৩৯টি | |
| | হাঁস | ১৭২৬০০টি | |
| | কবুতর | ৭৭৯২টি | |
| | গাভীর খামার (সংকর জাত) | ৮৪টি | |
| | ছাগলের খামার | ১৬৫টি | |
| | ভেড়ার খামার | ২১টি | |
| | মুরগীর খামার (লেয়ার) | ৩২টি | |
| | মুরগীর খামার (ব্রয়লার) | ২৮টি | |
| | হাঁসের খামার | ১৮টি | |

| তথ্যের শ্রেণি | বিবরণ | সংখ্যা/পরিমান | তথ্যসুত্র |
|---|---|---|---|
| খাদ্য  বিষয়ক তথ্য | খাদ্য গুদাম | ৮টি | |
| | খাদ্য গুদামের ধারণ ক্ষমতা | ৫০০০মি.টন | |
| | আটোমেটিক রাইস মিল | ৩৬টি | |
| | হাসকিং মিল | ২৩৮টি | |
| | পাইকারি খাদ্যশস্য ব্যবসায়ি | ২৩৮জন | |
| | খুচরা খাদ্যশষ্য ব্যসায়ী | ১৬টি | |
| | ওএমএস ডিলার | ৫জন | |
| | খাদ্য বান্ধব ডিলার | ১২ জন | |

| তথ্যের শ্রেণি | বিবরণ | সংখ্যা/পরিমান | তথ্যসুত্র |
|---|---|---|---|
| যুব উন্নয়ন বিষয়ক তথ্য | রেজি: সংগঠন | ৩২টি | |
| | তালিকাভুক্ত সংগঠন | ৬৫টি | |
| | জাতীয় পুরস্কার | ২টি | |
| | কীটবক্স বিতরণ | ৫০টি | |
| | একক পুরস্কার | ১০টি | |
| | যুব প্রশিক্ষণ | ৮১৮১ | |
| | আত্মকর্মসংস্থান | ২৯৮৪ জন | |
| | ক্ষুদ্র ঋণ কার্যক্রম | ২৯৮৪ ১৮১৮৪/ | |
| | নেটওয়ার্কিং প্রকল্পে প্রশিক্ষণ | ২০০০ জন | |
| | যুব সংগঠনকে অনুদান প্রদান | ৭টি | |
| | যুব সংগঠরকে কম্পিউটার প্রদান | ২টি | |
| | যৌতুক বিরোধী স্বাক্ষর গ্রহন। | ১০১৮১ জন | |
| | যুব প্রশিক্ষণ | ১০১৮১ জন | |
| | যুব ঋণ প্রদান | ১৩১৮২১৬০০/ | |
| তথ্যের শ্রেণি | বিবরণ | সংখ্যা/পরিমান | তথ্যসুত্র |
| পল্লী উন্নয়ন বিষয়ক তথ্য | কৃষক সমবায় সমিতি | ১২৮টি | |
| | ব্যাংক ফসলী ঋণ | ১৪৮৯৩০০০/ | |
| | মেয়াদী ঋণ | ৮৫৫০০০০ | |
| | আবর্তক ঋণ বিতরণ | ৩০৯১৫০০০ | |
| | ঘূর্ণায়মান ভিত্তিতে মোট ঋণ বিতরন (আবর্তক) | ৬৪৩৫৮০০০০ | |
| | সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি (সদাবিক) পুরুষ দল | ৪৭টি | |
| | সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচি(সদাবিক) মহিলা দল | ২৮৬৫১০০০ | |
| | পল্লী প্রগতি পুরুষ | ১০টি | |
| | পল্লী প্রগতি মহিলা দল | ১৬টি | |
| | | | |
| | আয়বর্ধক কার্যক্রমের উপর প্রশিক্ষণ প্রদান | ৩৮০জন | |
| | অসচ্ছল মুক্তিযোদ্ধা | ১১০৩০০০ | |
| | অপ্রধান শস্যদল | ৩০টি | |
| | প্রশিক্ষণ প্রদান | ২০০জন | |
| | ঋণ প্রদান | ৪০৪৫০০০ | |
| | পিআরডিবি ৩ ,ইউসিসিএম | ১৫৫টি | |
| | প্রশিক্ষণ | ১০৩টি | |
| | ভিডিসি গঠন | ৬৯টি | |
| | স্কীম বাস্তবায়ন | ৬৯টি | |

| ৬৯ | প্রতিবন্ধী ব্যক্তিদের হাস পালন বিষয়ে দক্ষতা উন্নয়ন | মহিলা,শিশু সমাজকল্যান | কর্মসংস্থান সৃষ্টি | ৯ব্যাচ | ০ | ৩ | ০ | ৩ | ৩ | ৪.৫ | ইউজিডিপি | |
| ৭০ | বেকার যুব নারীদের জন্য ব্লক বাটিক প্রশিক্ষন | মহিলা,শিশু সমাজকল্যান | কর্মসংস্থান সৃষ্টি | ৯ব্যাচ | ০ | ৩ | ৩ | ০ | ৩ | ৬.০০ | ইউজিডিপি | ৮ম |
| ৭১ | নকশী কাথা সেলাই বিষয়ে নারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | পল্লী উন্নয়ন ও সমবায় | কর্মসংস্থান সৃষ্টি | ৪ব্যাচ | ১ | ১ | ১ | ১ | ০ | ৮.০০ | ইউজিডিপি | |
| ৭২ | শতরঞ্জি ও ম্যাট তৈরী বিষয়ে নারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | পল্লী উন্নয়ন ও সমবায় | কর্মসংস্থান সৃষ্টি | ৪ব্যাচ | ১ | ১ | ১ | ০ | ১ | ৯.০০ | এডিপি | |
| ৭৩ | এমব্রয়ডারী ও এপ্লিক কারুকাজে নারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন | পল্লী উন্নয়ন ও সমবায় | কর্মসংস্থান সৃষ্টি | ৪ব্যাচ | ১ | ১ | ০ | ১ | ১ | ৭.৫ | ইউজিডিপি | |
| ৭৪ | নারীদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিউটি পার্লার বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন | পল্লী উন্নয়ন ও সমবায় | কর্মসংস্থান সৃষ্টি | ৪ব্যাচ | ১ | ১ | ১ | ০ | ১ | ৮.০০ | ইউজিডিপি এডিপি | |
| ৭৫ | ব্লাক বেঙ্গল ছাগল পালন বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | পল্লী উন্নয়ন ও সমবায় | কর্মসংস্থান সৃষ্টি | ৪ব্যাচ | ১ | ১ | ১ | ১ | ০ | ৬.০০ | এডিপি | |
| ৭৬ | বেকার যুবকদের জন্য ইলেক্টিক ও হাউস ওয়ারিং বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | যুব,ক্রীড়া ও সংস্কৃতি | কর্মসংস্থান সৃষ্টি | ৩ব্যাচ | ০ | ১ | ১ | ১ | ০ | ৬.০০ | ইউজিডিপি | ৯ম |
| ৭৭ | বেকার যুবকদেও কর্মসংস্থানের জন্য মোবাইল সার্ভিসিং বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | যুব,ক্রীড়া ও সংস্কৃতি | কর্মসংস্থান সৃষ্টি | ৩ব্যাচ | ০ | ১ | ০ | ১ | ০ | ৪.০০ | ইউজিডিপি | |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৭৮ | বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য আউট সোর্সিং বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | যুব,ক্রীড়া ও সংস্কৃতি | কর্মসংস্থান সৃষ্টি | ৩ব্যাচ | ০ | ১ | ১ | ১ | ০ | ৬.০০ | এডিপি | |
| ৭৯ | বেকার যুবকদেও কর্মসংস্থানের জন্য মোটর ড্রাইভিং বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | যুব,ক্রীড়া ও সংস্কৃতি | কর্মসংস্থান সৃষ্টি | ৩ব্যাচ | ১ | ০ | ১ | ১ | ০ | ৬.০০ | ইউজিডিপি | |
| ৮০ | বেকার যুবদের জন্য কম্পিউটার বিষয়ক প্রশিক্ষন প্রদান | যুব,ক্রীড়া ও সংস্কৃতি | কর্মসংস্থান সৃষ্টি | ৩ব্যাচ | ০ | ১ | ০ | ১ | ১ | ৬.০০ | ইউজিডিপি | |
| ৮১ | শিক্ষা প্রতিষ্ঠান, যুব ক্লাব সংগঠনে খেলাধুলার উপকরণ সরবরাহ | যুব,ক্রীড়া ও সংস্কৃতি | খেলাধুলার মান উন্নয়ন | - | ২ | ২ | ২ | ২ | ২ | ৮.০০ | এডিপি | |
| ৮২ | বেকার যুবদেও জন্য গরু মোটাতাজাকরণ বিষয়ক প্রশিক্ষন | যুব,ক্রীড়া ও সংস্কৃতি | কর্মসংস্থান সৃষ্টি | ৬ব্যাচ | ০ | ০ | ৩ | ০ | ৩ | ৪.০০ | এডিপি | |
| ৮৩ | মৌচাষীদের আধুনিক পদ্ধতিতে মৌচাষ বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন | যুব,ক্রীড়া ও সংস্কৃতি | কর্মসংস্থান সৃষ্টি | ৬ব্যাচ | ০ | ২ | ০ | ২ | ২ | ৫.৫ | ইউজিডিপি এডিপি | |
| ৮৪ | ভুমি ব্যবস্থাপনা বিষয়ে স্থানীয় নেতৃবৃন্দের সচেতনতা উন্নয়ন বিষয়ক অরিয়েন্টেশন | পরিচালন ও আইন-শৃংখলা | ভুমি বিষয়ে সচেনতা বৃদ্ধিকরণ | ব্যাচ | ০ | ৪ | ০ | ০ | ০ | ২.০০ | ইউজিডিপি | ১০ম |
| ৮৫ | বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষন | পরিচালন ও আইন-শৃংখলা | পরিচালন ব্যবস্থার উন্নয়ন | ৫ ব্যাচ | ০ | ৫ | ০ | | ০ | ২.০০ | ইউজিডিপি | |
| ৮৬ | ধুমপানের কুফল সম্পর্কে সচেতনতা উন্নয়ন অরিয়েন্টেশন | পরিচালন ও আইন-শৃংখলা | মাদকের কুফল সম্পর্কে সচেতনতা উন্নয়ন | ১৫ ব্যাচ | ৫ | ৫ | ৫ | ০ | ০ | ৪.৫ | এডিপি | |
| ৮৭ | ই-নথি ও ই-ফাইলিং বিষয়ে সরকারী কর্মচারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | পরিচালন ও আইন-শৃংখলা | অফিস ব্যবস্থাপনায় দক্ষতা উন্নয়ন | ২ ব্যাচ | ২ | ০ | ০ | ০ | ০ | ২.০০ | এডিপি | |
| ৮৮ | দুর্যোগকালীন উদ্ধার তৎপরতা বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক মহড়ার আয়োজন | পরিচালন ও আইন-শৃংখলা | দুর্যোগে ঝুকি ও ক্ষ-ক্ষতি হ্রাসকরণ | ৫টি | ০ | ৫ | ০ | ০ | ০ | ২.০০ | ইউজিডিপি | |
| ৮৯ | নিরাপদ খাদ্য ও ভোক্তা অধিকার সংরক্ষণ বিষয়ে দক্ষতা উন্নয়ন অরিয়েন্টেশন | পরিচালন ও আইন-শৃংখলা | ভোক্তা অধিকার সংরক্ষণে সহায়তকরণ | ৭টি | ২ | ৫ | ০ | ০ | ০ | ২.০০ | ইউজিডিপি | |
| ৯০ | শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধী ক্যাম্পেইন | পরিচালন ও আইন-শৃংখলা | মাদকমুক্ত সমাজ প্রতিষ্ঠাকরণ | ৪টি | ২ | ০ | ০ | ০ | ২ | ২.০০ | ইউজিডিপি এডিপি | |
| ৯১ | তথ্য অধিকার আইন ২০০৯ এবং তথ্য অবমুক্ত-করণ নীতিমালা ২০১৫ বিষয়ে অরিয়েন্টেশন | পরিচালন ও আইন-শৃংখলা | তথ্য প্রদান বিষয়ে দক্ষতার উন্নয়ন। | ৪টি | ০ | ২ | ০ | ২ | ০ | ৩.৫ | এডিপি | |
| ৯২ | বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন বিষয়ক সভার আয়োজন | পরিচালন ও আইন-শৃংখলা | পরিকল্পিত উন্নয়নে সহায়তাকরণ | ১০টি | ২ | ২ | ২ | ২ | ২ | ৪.০০ | এডিপি | |
| ৯৩ | বার্ষিক বাজেট | পরিচালন ও আইন-শৃংখলা | পরিকল্পিত উন্নয়নে | ১০টি | ২ | ২ | ২ | ২ | ২ | ৪.০০ | ইউজিডিপি | |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রনয়ন বিষয়ক সভার আয়োজন | | সহায়তাকরণ | | | | | | | | | |
| ৯৪ | পঞ্চবার্ষিক পরিকল্পনা রিভিউকরণ ও সংশোধন সভার আয়োজন | পরিচালন ও আইন-শৃংখলা | পরিকল্পিত উন্নয়নে সহায়তাকরণ | ২টি | ০ | ০ | ২ | ০ | ০ | ১.০০ | ইউডিডিপি | |
| ৯৫ | শিক্ষার্থীদের স্যোসাল মিডিয়া ব্যবহার ও ডিজিটাল নিরাপত্তা আইন বিষয়ে সচেতনতা বৃদ্ধিমুলক প্রশিক্ষণ | আইন-শৃংখলা | স্যোসাল মিডিয়া ব্যবহারে সচেতনতা বৃদ্ধি | ২০ ব্যাচ | ০ | ১০ | ০ | ১০ | ০ | ৪.০০ | ইউজিডিপি এডিপি | |

**৭.৩: উপজেলা পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় (২০২১-২০২৬) ইউনিয়ন পরিষদের চাহিদা ভিত্তিক খাতওয়ারি পরিকল্পনা ফরম্যাট:**

| ইউনিয়/পৌরসভা | প্রকল্পের বিবরণ | | | বছর ভিত্তিক সম্ভাব্য বাজেট | | | | | সম্ভাব্য অর্থের পরিমান ( লক্ষ টাকায়) | অর্থের উৎস | আগ্রাধি: ক্রম |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | প্রকল্পের শিরোনাম | উন্নয়ন খাত | অভিষ্ঠ সংখ্যা/ পরিমান | ২০২১--২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | | | |
| ১নং নাফানগর | মাধ্যমিক বিদ্যালয়ে বাল্য বিবাহ বিরোধী ক্যাম্পেইন | শিক্ষা | ৩৬টি বিদ্যালয় | ১০টি | ১৩টি | ১৩টি | ০ | ০ | ৫.০০ | এডিপি | ১ |
| | নাফানগর ইউপির ডহরা মসলা ভাটি মিলনের দিঘীতে প্যারাসাইডিং নির্মাণ | যোগা যোগ | ২৫০মি. | ৫০.মি | ৫০.মি | ৫০.মি | ৫০.মি | ৫০.মি | ৯.০০ | এডিপি | |
| | প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | শিক্ষা | ৫৩টি | ২০ | ০ | ০ | ৩৩ | ০ | ২.০০ | এডিপি | |
| | নাফানগর,কংশরা,মুড়িয়ালা,সুলতানপুর কমিউনিটি ক্লিনিকের রোগী ও আগত স্বজনদের বসার জন্য সেড নির্মাণ | স্বাস্থ্য | ৪টি | ০ | ২ | ২ | ০ | ০ | ৬.০০ | এডিপি | |
| | নাফানগর টেকনিকেল কলেজে শ্রেণিকক্ষ নির্মাণ | শিক্ষা | ১টি | ০ | ০ | ০ | ১টি | ০ | ১২.০০ | এডিপি | |
| | দুস্থ্য নারীদের কর্মসংস্থানের জন্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | মহিলা | ১৫ ব্যাচ | ৫ব্যাচ | ০ | ৫ব্যাচ | ০ | ৫ব্যাচ | ৬.০০ | এডিপি | |
| | নাফানগর ইউনিয়নের ভাংগা ব্রীজ মেরামত | যোগা যোগ | ১০টি | ২ | ৩ | ২ | ০ | ৩ | ৫.০০ | এডিপি | |
| | নাফানগর বড়সুলতানপুর বাজারে হাট সেড নির্মাণ | বাজার উন্নয়ন | ১টি | ০ | ০ | ০ | ১টি | ০ | ৬.০০ | এডিপি | |
| ২নং ইশানিয়া | শিক্ষিত বেকার যুবকদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ | যুব উন্নয়ন | ৫ ব্যাচ | ১ | ১ | ১ | ১ | ১ | ৮.০০ | এডিপি ইউজিডিপি | |
| | বেকার যুবদের জন্য ইলেট্রিক্যাল প্রশিক্ষণ | যুব উন্নয়ন | ১ ব্যাচ | ০ | ০ | ১ | ০ | ০ | ২.০০ | এডিপি | |
| | গ্রামীন নারীদের ব্লক-বাটিক বিষয়ে দক্ষতদা উন্নয়ন প্রশিক্ষণ | মাহলা | ২ ব্যাচ | ১ | ১ | ০ | ০ | ০ | ৪.০০ | এডিপি | |
| | জিনোর নিকোলাস ডা: এর বাড়ি হতে পুর্ব দিকে ড্রেন নির্মাণ প্রকল্প | যোগাযোগ | ৫০ মিটার | ০ | ০ | ৫০ মিটার | ০ | ০ | ৫.০০ | এডিপি | |
| | কৃষকদের মাঝে স্প্রে মেশিন বিতরণ | কৃষি | ৫০টি | ০ | ২৫টি | ০ | ০ | ২৫টি | ৩.০০ | এডিপি | |
| | বকুলতলা বাজারে হাট সেড নির্মাণ | বাজার উন্নয়ন | ১টি | ০ | ১টি | ০ | ০ | ০ | ৬.০০ | এডিপি | |
| | ইশানিয়া ইউনিয়নের বাতাসন বাজারে কমিউনিটি টয়লেট নির্মাণ | স্যানিটেশন | ১টি | ০ | ০ | ০ | ১টি | ০ | ৬.০০ | এডিপি | |
| ৩নং মুশিদহাট | বেকার যুবকদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ | যুব উন্নয়ন | ৩ ব্যাচ | ১ | ১ | ১ | ১ | ১ | ৮.০০ | এডিপি ইউজিডিপি | |
| | প্রীতির বাজরে কমিউনিটি টয়লেট নির্মাণ | স্যানিটেশন | ১টি | ০ | ০ | ০ | ১টি | ০ | ৬.০০ | এডিপি | |
| | বেকার যুবদের জন্য ইলেট্রিক্যাল প্রশিক্ষণ | যুব উন্নয়ন | ১ ব্যাচ | ০ | ০ | ১ | ০ | ০ | ২.০০ | এডিপি | |
| | নারীদের জন্য ব্লক-বাটিক বিষয়ে দক্ষতদা উন্নয়ন প্রশিক্ষণ | মাহলা | ১ ব্যাচ | ০ | ১ | ০ | ০ | ০ | ২.০০ | এডিপি | |
| | গবাদিপশু পালন বিষয়ে খামারীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণন | প্রাণি সম্পদ | ৫ ব্যাচ | ১ | ১ | ১ | ১ | ১ | ৭.৫ | এডিপি | |
| | মাছ চাষ বিষয়ে মাছ চাষীদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | মৎস্য | ৫ ব্যাচ | ১ | ১ | ১ | ১ | ১ | ৭.৫ | এডিপি | |
| | মতিজাপুর উচ্চ বিদ্যালয়ে আসবাবপত্র সরবরাহ প্রকল্প | শিক্ষা | ১টি | ০ | ১ | ০ | ০ | ০ | ২.০০ | এডিপি | |
| | কৃষকদের মাঝে স্প্রে মেশিন সরবরাহ | কৃষি | ২০ জন | ০ | ০ | ২০ | ০ | ০ | ২.০০ | এডিপি | |
| | দেওখড়া মন্টুর বাড়ি হতে দেওখড়া কালিতলা পর্যন্ত আসিসি ড্রেন নির্মাণ | যোগা যোগ | ----মিটার | ০ | ০ | -মি. | ০ | ০ | ২.০০ | এডিপি | |
| | কৃষ্ণপুর উচ্চ বিদ্যালয়ের ছাউনী নির্মাণ | শিক্ষা | ১টি | ০ | ১টি | ০ | ০ | ০ | ২.০০ | এডিপি | |
| | দক্ষিণ জালগাও শ্মশানঘাটের রাস্তায় কার্লভার্ট নির্মাণ | যোগা যোগ | ----মিটার | ০ | ০ | ----- মিটার | ০ | ০ | ৫.০০ | এডিপি | |
| | চাপইতোর মাঝাপড়ায় আরসিসি ড্রেন | যোগা যোগ | ----মিটার | ০ | ০ | ----- | ০ | ০ | ৫.০০ | এডিপি | |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | নির্মাণ | | | | | মিটার | | | | | |
| | জালগাও মোফাজ্জলের বাড়ি হয়ে রেল লাইনের পাশে ড্রেন নির্মাণ | যোগা যোগ | ----মিটার | ০ | ০ | ----- মিটার | ০ | ০ | ৫.০০ | এডিপি | |
| | প্রতিবন্ধী বিদ্যালয়ের উন্নয়ন | শিক্ষা | ১টি | ০ | ০ | ০ | ১টি | ০ | ৮.০০ | এডিপি | |
| ৪ নং আটগাও | আটগাও,মোল্লাপাড়া,বড়গাও,বন্দুগাওকমিউনিটি ক্লিনিকে রোগী ও স্বজনদের বসার জন্য সেড নির্মাণ | স্বাস্থ্য | ৪টি | ০ | ৪টি | ০ | ০ | ০ | ৬.০০ | এডিপি | |
| | আটগাও বালিকা উচ্চ বিদ্যালয়ে শ্রেণিকক্ষ নির্মান | শিক্ষা | ২টি | ০ | ২ | ০ | ০ | ০ | ১২.০০ | ইউজিডিপি | |
| | মাধবপুর দাসপাড়া থেকে কান্দরপাড়া পর্যন্ত রাস্তা নির্মাণ | যোগাযোগ | ---৫০০ মি | ০ | ০ | ৫০০ মিটার | ০ | ০ | ১০.০০ | এডিপি | |
| | লোহাগাড়া সপ্রাবি থেকে মানিকপুর পর্যন্ত রাস্তা নির্মান | যোগাযোগ | ---১০০ মি | ০ | ০ | ০ | ৫০০ মিটার | ৫০০মি | ১০.০০ | এডিপি | |
| | বড়ুয়া পুকুরপাড়ে প্যালাসাইডিং নির্মান | যোগাযোগ | ---১০০ মি | ০ | ১০০মি | ০ | ০ | ০ | ৫.০০ | এডিপি | |
| | আটগাও ইউপির পুলহাট বাজারে কমিউনিটি টয়লেট নির্মাণ | স্যানিটেশন | ১টি | ০ | ১টি | ০ | ০ | ০ | ৬.০০ | এডিপি | |
| | আটগাও ইউপির লোহাগাও সপ্রাবি থেকে মোল্লাপাড়া বাজার পর্যন্ত | বিদ্যুতায়ন | ২০টি | ০ | ২০টি | ০ | ০ | ০ | ১২.০০ | ইউজিডিপি | |
| | আটগাও ইউপির মোল্যা পাড়া বাজারে হাট সেড নির্মাণ | বাজার উন্নয়ন | ১টি | ০ | ০ | ০ | ০ | ১টি | ৬.০০ | ইউজিডিপি | |
| | আটগাও ইউপির হাট মাধবপুর হতে সত্যমানডাংগী রাস্তায় নদীর ধারে প্যালাসাইডিং নির্মাণ | যোগাযোগ | ৫০০ মিটার | ০ | ০ | ৫০০ মিটার | ০ | ০ | ৫.০০ | এডিপি | |
| | আটগাও উচ্চ বিদ্যালয়ে উচু-নীচু বেঞ্চ সরবরাহ | শিক্ষা | -- | ০ | ০ | ০ | ২৫ জোড়া | ০ | ৩.০০ | এডিপি | |
| | মনিপুর উচ্চ বিদ্যালয় থেকে আটগাও ইউপির বড়গা পর্যন্ত স্ট্রীট লাইট স্থাপন | বিদ্যুতায়ন | ২০টি | ১০টি | ০ | ১০টি | ০ | ০ | ৬.০০ | এডিপি | |
| | আটগাও বালিকা বিদ্যালয় এবং মনিপুর উচ্চ বিদ্যালয়ে উচু-নীচু বে | শিক্ষা | ৫০ জোড়া | ২৫ জোড়া | ২৫ জোড়া | ০ | ০ | ০ | ৩.০০ | এডিপি | |
| ৫ নং ছাতইল | আনোরা,তেতেরা,ভাদুয়ারি কমিউনিটি ক্লিনিকে রোগী ও স্বজনদের বসরর জন্য সেড নির্মাণ | স্বাস্থ্য | ৩টি | ১ | ১ | ১ | ০ | ০ | ৪.৫ | এডিপি | |
| | আনোরা কুকুরাডাংগী সলেমনে বাড়ী থেকে আনোরা বাজার পর্যন্ত রাস্তা নির্মাণ | যোগাযোগ | ---কি.মি | ৫০মি. | ০ | ৫০মি | ৫০মি. | ৫০মি. | ১০.০০ | এডিপি | |
| | ছাতইল ইউনিয়নের সুকদেবপুর চৌরাস্তা হতে মাহেরপুর বাজার পর্যন্ত স্ট্রীট লাইট স্থাপন প্রকল্প | বিদ্যুতায়ন | ১৫টি | ০ | ০ | ০ | ১৫টি | ০ | ১০.০০ | ইউজিডিপি | |
| | ছাতইল ইউনিয়নের সুকদেবপুর বাজারে হাট সেড নির্মাণ | বাজার উন্নয়ন | ১টি | ০ | ১টি | ০ | ০ | ০ | ৬.০০ | ইউজিডিপি | |
| | ছাতইল ইউনিয়নের ভাদুযারী বাজারে হাট সেড নির্মাণ | বাজার উন্নয়ন | ১টি | ০ | ০ | ১টি | ০ | ০ | ৬.০০ | ইউজিডিপি | |
| | ছাতইল ইউনিয়নের হাজিপুর সপ্রাবি থেকে বাদুযারী বাজার হয়ে চেংগন খাল পাড়া পর্যন্ত ষ্ট্রীট লাইট স্থাপন প্রকল্প | বিদ্যুতায়ন | ১৫টি | ০ | ০ | ০ | ০ | ১৫টি | ১০.০০ | ইউজিডিপি | |
| | কোদাল কাটি উচ্ বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ | স্যানিটেশন | ১টি | ০ | ০ | ০ | ১টি | | ৬.০০ | এডিপি | |
| | চেংগন শ্যামলে বাড়ি হতে রামনগর তারিনী মাষ্টারের বাড়ি পর্যন্ত স্ট্রীট লাইট স্থাপন প্রকল্প | বিদ্যুতায়ন | ৩০টি | ১০টি | ১০টি | ১০টি | ০ | ০ | ১৪.০০ | এডিপি | |
| ৬নং রণগাও | রণগাও ইউনিয়নের গোবিন্দপুর উচ্চ বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ | স্যানিটেশন | ১টি | ০ | ০ | ১টি | ০ | ০ | ৬.০০ | এডিপি | |
| | মোবারকপুরে রাস্তা সংস্কার | যোগাযোগ | ১.৫কি.মি. | ০ | ১.৫কি.মি. | ০ | ০ | ০ | ১০.০০ | এডিপি | |
| | রণগাও থেকে ধনঞ্জয়পুর রাস্তা সংস্কার | যোগাযোগ | ১.০০ কি.মি | ০ | ০ | ০ | ১.০০ কি.মি | ০ | ৮.০০ | এডিপি | |
| | চুন্ডপুর থেকে বাঁশতোলঘাট পর্যন্ত রাস্তা সংস্কার | যোগাযোগ | ১.৫কি.মি. | ০ | ০ | ১.৫ কি.মি | ০ | ০ | ৮.০০ | এডিপি | |
| | ভান্ডারখন্ড থেকে চুনিয়া পাড়া ভায়া দেওখড়া পর্যন্ত রাস্তা সংস্কার | যোগাযোগ | ২.কিমি. | .৫০কি.মি | .৫০ কি.মি | .৫০কি.মি | .৫০ কি.মি | ০ | ১৫.০০ | এডিপি | |
| | বাসুদেবপুর খেলার মাঠ উন্নয়ন | যোগাযোগ | ১টি | ০ | ১টি | ০ | ০ | ০ | ২.০০ | এডিপি | |
| | কৃষকদের মাঝে স্প্রে মেশিন সরবরাহ | কৃষি | ৩০টি | ৩০টি | ০ | ০ | ০ | ০ | ৩.০০ | এডিপি | |

# অষ্টম অধ্যায়:



**৮.১:পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন,পরিবীক্ষণ এবং মধ্যবর্তী ও চুড়ান্ত মূল্যায়ন:**

**পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) বাস্তবায়ন পদ্ধতি:** পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা একটি মৌলিক মধ্য-মেয়াদী পরিকল্পিত উন্নয়ন পরিকাঠামো। সরকারি নির্দেশনা,পরিপত্র,আইন ও বিধিমালার বিভিন্ন প্রক্রিয়া অনুসরনপূর্বক জনআকাঙ্খা ও জনচাহিদার ভিত্তিতে অংশগ্রহনমুলক সিদ্ধান্ত গ্রহনের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) বাস্তবায়ন করা হবে। নিয়মতান্ত্রিক প্রক্রিয়া অনুসরণপুর্বক পরিকল্পিত উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার অর্ন্তভুক্ত নাই এমন কোন কার্যক্রম বাস্তবায়ন করা যাবেনা। । উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের পর সরকারি ক্রয় বিধি ও আর্থিক বিধিমালা অনুসরণপুর্বক ক্রয়কার্য বা প্রকল্প সমুহ বাস্তবায়ন করা হবে।

**পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা পরিবীক্ষণ:** পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়ন ও লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিয়মিত পরিবীক্ষন করা প্রয়োজন। পঞ্চবার্ষিক পরিকল্পনার পরিবীক্ষণ নিয়মিতভাবে বার্ষিক ভিত্তিতে কমিটির মাধ্যমে নিয়মিতভাবে মনিটরিং করা হবে। পরিবীক্ষনের মাধ্যমে পরিকল্পিত কাঠামোর মধ্যে সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিতকরণ এবং ত্রুটি-বিচ্যূতি সংশোধনের সুযোগ তৈরী করতে সহায়তা করবে যার মাধ্যমে পঞ্চবার্ষিক পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি তরান্বিত হবে। পঞ্চবার্ষিক পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করবেন উপজেলা চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা অগ্রগতির প্রতিবেদন প্রস্তুত করবেন ।

**পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) মধ্যবর্তী রিভিউকরণ/মূল্যায়ন:** স্থানীয় চাহিদা,দেশের চালচিত্র,অর্থনৈতিকও রাষ্ট্রীয় সিদ্ধান্তের প্রেক্ষিতে এবং মধ্যবর্তী সময়ে (৩য় বছরে) পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) রিভিউ/মূল্যায়ন করা হবে। উক্ত রিভিউকরনের/মূল্যায়নের ফলাফলের ভিত্তিতে পরিকল্পনার লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন,সমস্যা ও চ্যালেঞ্জসমূহ বিশ্লেষন করে সুপারিশের ভিত্তিতে সংশোধন ও পরবর্তী করনীয় নির্ধারণ করা হবে। পরিকল্পনার মূল্যায়ন ও জনচাহিদার ভিত্তিতে উপজেলা পরিষদ তার পঞ্চবার্ষিক পরিকল্পনা পুন:বিবেচনা ও সংশোধনের উদ্যোগ গ্রহন করবে । উল্লেখ্য যে,সরকারি আইন ও নির্দেশনার আলোকে মূল্যায়নের ফলাফলের ভিত্তিতে সকল প্রকিয়া ও ধাপ অনুসরণপূর্বক পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা সংশোধন ও সংযোজন করতে হবে। তবে পঞ্চবার্ষিক পরিকল্পনা পুন:বিবেচনা ও সংশোধনের ক্ষেত্রে যে বিষয়সমুহ বিবেচনা করতে পারে তা হলো নিম্নরুপ:

১.বাস্তবায়ন অগ্রগতি,ব্যর্থতা ও সম্ভাবনাসুহ ।
২.বাস্তবায়িত প্রকল্পের ফলাফল ও সুবিধাসমুহ ।
৩.স্থানীয় চাহিদা ও উন্নয়ন অগ্রাধিকার পরিবর্তন।
৪.জাতীয় উন্নয়ন অগ্রাধিকারের পরিবর্তন ।
৫.অর্থনৈতিকও রাষ্ট্রীয় সিদ্ধান্তের প্রেক্ষিত পরিবর্তন।
৬.দেশের চালচিত্র ,জরুরী প্রয়োজন,দুর্যোগ ও অন্যান্য জরুরী বিষয়।
৭.প্রয়োজনীয়তা ও অগ্রাধিকার পুরণে সম্পদের পর্যাপ্ততা ।
৮.নিকট ভবিষ্যতে বাস্তবায়নযোগ্য প্রকল্প ও প্রযুক্তিগত সহায়তা প্রকল্প ।

**পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার চুড়ান্ত মূল্যায়ন:**পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের পর একটি চুড়ান্ত মূল্যায়ন করা হবে যার মাধ্যমে অভিষ্ট লক্ষ্য,অগ্রগতি,পরিমাপযোগ্য সুচক ও প্রত্যাশিত ফলাফল কতটুকু অর্জিত হয়েছে তা পরিমপা করে দেখতে হবে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন শেষে অভিষ্ট লক্ষ্য,অগ্রগতি,পরিমাপযোগ্য সুচক ও প্রত্যাশিত ফলাফল অর্জনে ব্যর্থতা এবং সফলতার কারনসমূহ ও নতৃন অভিজ্ঞতা জানান সুযোগ সৃষ্ঠি হবে। পরিকল্পনার চুড়ান্ত মুল্যায়নের মাধ্যমে অভিষ্ট লক্ষ্য,অগ্রগতি,পরিমাপযোগ্য সুচক ও প্রত্যাশিত ফলাফল অর্জনে ব্যর্থতার কারনসমুহ চিহ্নিত করার সুযোগ সৃষ্ঠি হবে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা চুড়ান্ত মূল্যায়ন শেষে পরিকল্পনা প্রনয়ন চক্রের ব্যবস্থাপনায় কোন বিষয়সমুহ সঠিকভাবে কাজ করেছে এবং কোন বিষয়সমুহ কাজ করেনি এবং পরিস্থিতি বিশ্লেষন,সম্পদের চিত্রায়ন,চাহিদার অত্রাধিকারকরন ও প্রাতিষ্ঠানিক কাঠামোর কার্যকারিতার যাচাই করার সুযোগ সৃষ্ঠি হবে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার চুড়ান্ত মূল্যায়নের ফলাফল পরবর্তী পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়নে নতুন অভিজ্ঞতা অর্জন ও পরিকল্পিত কার্যক্রম বাস্তবায়নে সহায়ক ভুমিকা পালন করবে।

# বার্ষিক উন্নয়ন পরিকল্পনার দ্বিতীয় অংশ

# নবম অধ্যায় :



**৯.১:উপজেলার পরিচালন (গর্ভন্যান্স) উন্নয়ন পরিকল্পনা: স্বচ্ছতা,জবাবদিহীতা ও সুশাসন:**

**পরিচালন ব্যবস্থার(গভর্ন্যান্স) উন্নয়ন:**
উপজেলার পরিচালন ব্যবস্থার উন্নয়নের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(ইউজিডিপি) ২০২১ সাল থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করছে। নিরপেক্ষ, স্বচ্ছ ও দায়বদ্ধ প্রশাসনিক ব্যবস্থা নিশ্চিতকরনের জন্য প্রয়োজন সুশাসন এবং সুশাসন নিশ্চিতকরনের জন্য প্রয়োজন উপজেলা পরিষদের পরিচালন ব্যবস্থার (গর্ভন্যান্স ) উন্নয়ন পরিকল্পনা। উপজেলার পরিচালন ব্যবস্থার উন্নয়ন হলে তার সক্ষমতা ও সিদ্ধান্ত গ্রহন ও সেবা প্রদান প্রক্রিয়া শক্তিশালী হবে। উপজেলা পরিষদের পরিচালন ব্যবস্থা উন্নয়নের জন্য প্রয়োজন আইনের শাসন প্রতিষ্ঠা,বিধি,পরিপত্র ও নির্দেশিকা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করা এবং জনসম্পৃক্ততা বৃদ্ধিকরণসহ জনকল্যাণমূলক কাজ করা। বোচাগঞ্জ উপজেলা পরিষদ তার পরিচালন ব্যবস্থার (গর্ভন্যান্স ) উন্নয়নের জন্য নিয়মিতভাবে মাসিক সভা,উপজেলা কমিটির সভা,উপজেলা উন্নয়ন প্রকল্প বাছাই কমিটির সভা, বার্ষিক বাজেট সভা পদ্ধতিগত ও কার্যকর ভাবে আয়োজন কববে।

উপজেলা পরিষদ বিধি মোতাবেক বার্ষিক ও পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা,বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রনয়ন, বার্ষিক আর্থিক হিসাব বিবরণী,বার্ষিক প্রতিবেদন তৈরী এবং সিটিজেন চার্টার প্রদর্শন ও তথ্য উন্মুক্তকরণ সহজীকরণ ও গণশুনানীর আয়োজন করবে। তাছাড়া আইন ও বিধি মোতাবেক ক্রয় কার্য সম্পাদন, সম্পদ রেজিষ্টার হালনাগাদকরণ, খাতওয়ারি বিভাজন, প্রকল্প কার্যক্রম মনিটরিং এবং উপজেলা প্রকল্প প্রস্তাবনা ফরম্যাট ব্যবহার করার জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহন করেছে যাহা বাধ্যতামুলকভাবে অনুসরণ করা হবে। উপজেলার পরিচালন ব্যবস্থার(গভর্ন্যান্স) উন্নয়নের জন্য বোচাগঞ্জ উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনায় (২০২৪-২০২৫) নিম্নোক্ত কার্যক্রম গ্রহন ও অভিষ্ঠ লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে:

**প্রকল্প কার্যক্রম মনিটরিং :** মনিটরিং টীমের মাধ্যমে প্রকল্পের কাজ মনিটরিং করা হবে। উক্ত মনিটরিং টীম সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্পের কাজের অগ্রগতি এবং প্রতিবেদন দাখিল করবে। সংশ্লিষ্ট স্থায়ী কমিটি সভায় আলোচনা পূর্বক তা উপজেলা পরিষদে প্রেরণ করবে। প্রতিটি বিল পরিশোধের পূর্বে কাজের অগ্রগতি এবং মূল্যায়ন সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হয়ে বিল পরিশোধ করবে। এছাড়া প্রতিটি প্রকল্পস্থলে একটি পরিদর্শন বহি থাকবে সেখানে পরিষদের সদস্যবৃন্দ এবং এর সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তি পরিদর্শন পূর্বক মূল্যায়ন করে মন্তব্য লিখবেন। উপজেলা পরিষদের মাসিক সভায় প্রকল্পের অগ্রগতি এবং মূল্যায়ন সম্পর্কে আলোচনা করা হবে।

**সুশাসন:** উপজেলা পরিষদের সকল সিদ্ধান্ত গ্রহন ও বাস্তবায়ন অংশগ্রহনমুলক আলোচনার মাধ্যমে আইন,পরিপত্র,নির্দেশিকা, বিধি,পরিপত্র ও গাইডলাইনের আলোকে নিস্পন্ন করা হয়। উপজেলার পরিচালনা ব্যবস্থার উন্নয়ন ও সুশাসন চর্চার ক্ষেত্রে আইন ও বিধি অনুসরণ করা হয়। উপজেলা পরিষদ তার কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহীতা বজায় রেখে আইনের শাসন প্রতিষ্ঠা ও জনকল্যাণমূলক কাজ করে থাকে । উপজেলা পরিষদের সুশাসনের ফলে জনগণের নাগরিক দায়িত্ববোধে সোচ্চার হয়। তাই বোচাগঞ্জ উপজেলা পরিষদ তার সকল কার্যক্রমের ক্ষেত্রে সুশাসন নিশ্চিত করবে।

**নাগরিক সনদ/সিটিজেন চার্টার প্রকাশ ঃ** সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে বোচাগঞ্জ উপজেল প্রশাসনের উদ্যোগে উপজেলা পরিষদের হস্তান্তরিত সকল বিভাগের নাগরিক সনদ/সিটিজেন চার্টার প্রকাশ এবং ওয়েবপোর্টালে আপলোড করার উদ্যোগ গ্রহন করেছে। সংশ্লিষ্ট বিভাগের সেবা পেতে কোন অসুবিধা হয় কিনা সে বিষয়ে নাগরিকদের মতামত গ্রহণ এবং সে প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ করা হয়। নাগরিক সনদ/সিটিজেন চার্টার অনুযায়ী দপ্তর ভিত্তিক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে উপজেলা পরিষদ তার প্রচেষ্ঠা অব্যহত রাখার চেষ্টা করবে।

**পদ্ধতিগতভাবে মাসিক সভা ঃ** শক্তিশালী ও জবাবদিহিতামূলক উপজেলা পরিষদ গঠনের লক্ষ্যে নিয়মিত মাসিক সভা আয়োজন করা হয়। । কার্যপত্র অনুসরণপূর্বক সুনির্দিষ্ট এজেন্ডা ভিত্তিক অংশগ্রহণমূলক পদ্ধতিতে সভা পরিচালনা করা এবং সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় জনপ্রতিনিধিদের ও উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট সরকারী কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করা হয়। সভার কার্য বিবরণী তৈরী করা এবং সংশ্লিষ্টদের নিকট নিয়মিতভাবে প্রেরণ করা হয়। বিধি মোতাবেক সকল নিস্পন্নযোগ্য কার্যক্রম উক্ত মাসক সভার মাধ্যমে নিস্পন্ন করা হয়। তাই বোচাগঞ্জ উপজেলা পরিষদ নিয়মিতভাবে মাসিক সভা আয়োজনের প্রচেষ্টা অব্যহত থাকবে।

**বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন:** বিধি মোতাবেক পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা সাথে সামঞ্জস্যতার ভিত্তিতে সকল প্রক্রিয়া অনুসরনপূর্বক প্রতিবছর বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হবে। পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা সংশোধন আনা হয় তাহলে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাজেটে সে অনুযায়ী সংশোধন করতে হবে।

**বার্ষিক বাজেট সভা ঃ** উপজেলা পরিষদ আইন ১৯৯৮(১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ৬৩ মোতাবেক উপজেলা পরিষদের বাজেট (প্রনয়ন ও অনুমোদন)) বিধিমালা ২০১০ অনুসরন পূর্বক বোচাগঞ্জ উপজেলা পরিষদ কর্তৃক নিয়মিতভাবে বিধি মোতাবেক সকল প্রক্রিয়া অনুসরণপূর্বক বার্ষিক বাজেট প্রনয়ন করা হয়। উপজেলা পরিষদের বার্ষিক বাজেট প্রনয়নের সাথে সংশ্লিষ্ট অংশীজনকে সম্পৃক্ত করা হয়। জনগনের মমতামত,পরামর্শ ও সুপারিশের আলোকে বার্ষিক বাজেট প্রনয়ন করা হয়। স্থানীয় জনগন ও সংশ্লিষ্ট ষ্টেকহোল্ডারদের মতামত ও পরামর্শের ভিত্তিতে সংযোজন/বিয়োজনের জন্য খসড়া বাজেট কপি উন্মুক্ত করা হয়। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরনের জন্য চুড়ান্ত বাজেটের কপি সংশ্লিষ্ট অংশীজন ও সাংবাদিকদের প্রদান করা হয়। তাছাড়া পরিষদের নোটিশবোর্ড ও ওয়েব সাইটে অবমুক্ত করা হয়।

**বার্ষিক আর্থিক হিসাব বিবরণী:** উপজেলা পরিষদ তার আর্থিক বছর সমাপ্তির পর স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশিত ফরমেট অনুসরণপূর্বক সদ্য সমাপ্ত অর্থবছরের বার্ষিক আর্থক হিসাব বিরনী প্রস্তুত করবে। বার্ষিক আর্থিক হিসাব বিবরণী মাসিক সভায় অনুমোদনের পর নির্ধারিত **৩১** ডিসেম্বর মাসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে। নির্দেশনা মোতাবেক উক্ত বার্ষিক আর্থিক হিসাব বিবরণী নোটিশ বোর্ড,ওয়েব পোর্টালে আপলোডসহ স্থানীয় সরকার বিভাগে নিয়মিতভাবে প্রেরন করা হয়।

**বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রনয়ন:** সঠিক পরিকল্পনার মাধ্যমেই কার্যকর বাস্তবায়ন সম্ভব। প্রতি অর্থবছরের শুরুতেই বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রনয়ন করা হবে। বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসরন পূর্বক বোচাগঞ্জ উপজেলা পরিষদের যাবতীয় ক্রয় কার্যক্রম সম্পন্ন করার চেষ্টা করা হবে।

**আইন ও বিধি মোতাবেক ক্রয় কার্য সম্পাদন:** সরকারি আইন ও বিধিমালার আলোকে স্বচ্ছতার সহিত পরিষদের সকল ক্রয় কার্য সম্পাদন করবে। পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধি ২০০৮ এর তফসিল ৫(গ,ঘ,ঙ) অনুসরনপুর্বক বোচাগঞ্জ উপজেলা পরিষদের সকল ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হবে।

**সম্পদ রেজিষ্টার হালনাগাদকরণ:**বিধি অনুযায়ী বোচাগঞ্জ উপজেলা পরিষদ দুটি আলাদা রেজিস্টারে নির্দেশিত**"ছক"**মোতাবেক স্থাবর ও অস্থাবর সম্পদ লিপিবদ্ধ করবে । নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদ তার প্রতিটি সম্পদের আলাদা আইডি নম্বর ব্যবহার করবে। প্রতিবছর নির্ধারিত সময়ে উপযুক্ত কতৃপক্ষ কর্তৃক সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে সকল সম্পদের তথ্য হালনাগাদ করবে।

**খাতওয়ারি বিভাজন:** উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ অনুসরণপূর্বক উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসুচি ও উন্নয়ন কার্যক্রম /প্রকল্প গ্রহন ও বাস্তবায়নের ক্ষেত্রে উন্নয়ন খাত ভিত্তিক খাতওয়ারি বিভাজন অনুসরণ করা হবে। উক্ত নির্দেশিকায় নিষিদ্ধ কোন কার্যক্রম বোচাগঞ্জ উপজেলা পরিষদ কোনক্রমেই বাস্তবায়ন করবেনা।

**বার্ষিক উন্নয়ন কর্মসুচি(এডিপি) ও উন্নয়ন কাজের সমাপ্তি প্রতিবেদন:** প্রতি অর্থবছর সমাপ্তির পর স্থানীয় সরকার বিভাগের নির্ধারিত 'ছক' মোতাবেক বোচাগঞ্জ উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন কর্মসুচি(এডিপি) ও উন্নয়ন কাজের সমাপ্তি প্রতিবেদন প্রস্তুত করবে। বোচাগঞ্জ উপজেলা পরিষদ সদ্য সমাপ্ত অর্থবছরে বাস্তবায়িত বার্ষিক উন্নয়ন কর্মসুচি(এডিপি) ও উন্নয়ন কাজের সমাপ্তি প্রতিবেদন ৩১ আগষ্ট তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে।

**উপজেলা প্রকল্প প্রস্তাবনা ফরম্যাট ব্যবহার:** উন্নয়ন প্রকল্প গ্রহন ও বাস্তবায়নের ক্ষেত্রে উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ অনুসরণপুর্বক বোচাগঞ্জ উপজেলা পরিষদ উপজেলা প্রকল্প প্রস্তাবনা ফরম্যাট (ইউপিপি) ব্যবহার করার চেষ্টা করবে।

**উপজেলা কমিটির সভা ঃ** কার্যকর উপজেলা পরিষদ গঠনে স্থায়ী কমিটির ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। বোচাগঞ্জ উপজেলা পরিষদের ১৭ কমিটি বিধি মোতাবেক গঠন করা হয়েছে এবং দুইমাস অন্তর অন্তর উক্ত কমিটির সভা আয়োজনের চেষ্টা করা হয়। উপজেলা পরিষদের কার্যক্রম সুচারুরুপে সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন ইস্যুতে উপজেলা কমিটি মতামত,সুপারিশ ও পরামর্শ দান করার মাধ্যমে সক্রিয় ভাবে সহযোগিতা প্রদান করে থাকে।

**উপজেলা উন্নয়ন প্রকল্প বাছাই কমিটির সভা:** উন্নয়ন প্রকল্প বাছাই ও অগ্রাধিকারকরণের ক্ষেত্রে বিধি ও নির্দেশিকা মোতাবেক বোচাগঞ্জ উপজেলা পরিষদ উিন্নয়ন প্রকল্প বাছাই কমিটির সভা নিয়মিত ও পদ্ধতিগতভাবে আয়োজন করার চেষ্টা করছে। উক্ত কমিটির মাধ্যমে উপজেলার উন্নয়ন প্রকল্প নির্বাচনও যাচাই বাছাই হলে সকল উন্নয়ন খাতের প্রাক্কলন ও বিভাজনে সহজতর হয়। তাই উপজেলা উন্নয়ন প্রকল্প বাছাই কমিটির সভা নিয়মিত আয়োজনের জন্য অঙ্গীকারাবদ্ধ।

**নারী ও দরিদ্র বান্ধব প্রকল্প অগ্রাধিকার:** পরিষদ প্রকল্প ও বাস্তবায়নে নারী ও দরিদ্র বান্ধব প্রকল্প অগ্রাধিকার দেওয়ার চেষ্টা করে থাকে। উপজেলা নারী ফোরামের জন্য উন্নয়ন বাজেটের ৩% এবং উপজেলা পরিষদের ২৫% প্রকল্প নারী সদস্যদের মাধ্যমে বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ০৯/০৫/২০২১ খ্রিঃ তারিখে জারিকৃত নির্দেশনা রয়েছে। তাই নির্দেশনা মোতাবেক বোচাগঞ্জ উপজেলা পরিষদের উন্নয়ন বরাদ্দের ৩% বাজেট নারী ফোরামকে বরাদ্দ এবং ২৫% প্রকল্প নারী সদস্যদের মাধ্যমে বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহন করবে।

**তথ্য উন্মুক্তকরন:** তথ্য অধিকার আইন ২০০৯ এবং তথ্য অবমুক্তকরন নীতিমালা ২০১৫ অনুসরন পুর্বক বোচাগঞ্জ উপজেলা পরিষদ স্ব-প্রনোদিত তথ্য প্রদানের ক্ষেত্রে সিটিজেন চার্টার বিল বোর্ডের মাধ্যমে সাধারন জনগনের জন্য উন্মুক্ত করেছে। অপরদিকে, সিটিজেন চার্টার,বার্ষিক বাজেট,ফান্ড প্রাপ্তি,উন্নয়ন প্রকল্প এবং বিভিন্ন হালনাগাদ তথ্যাবলী উপজেলা পরিষদের নোটিশ বোর্ড,ফেইসবুক পেইজ এবং ওয়েবপোর্টালের মাধ্যমে সাধারন জনগনে জন্য উন্মুক্ত করা হয়। তাছাড়া জনগন ও বিভিন্ন অংশীজনের চাহিদা মাফিক বিধিমোতাবেক তথ্য প্রদান করা ।

**গণশুনানী ঃ** উপজেলা পরিষদ ও প্রশাসন কর্তৃক সেবা সম্পর্কে জনগনের মতামত,অভিযোগ নিষ্পত্তি ও সমস্যা সমাধানের জন্য উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে উপজেলা পর্যায়ে প্রতি বুধবার গণশুনানীর আয়োজন করা হয়। উক্ত গণশুনানীর মাধ্যমে বিভিন্ন দপ্তর সম্পর্কে জনগনের অভিযোগ নিষ্পত্তি করা হয় এবং সরকারী সেবা প্রদান ও সেবা গ্রহনের প্রক্রিয়া সম্পর্কে ধারনা প্রদান করা হয়। তাছাড়া গণশুনানীর মাধ্যমে সরকারী সেবার ধরন,সেবার মান এবং সেবা সম্পর্কে জনগনের সন্তুষ্টির মাত্রা সম্পর্কে সঠিক ধারনা পাওয়া যায়। উক্ত গণশুনানীর ফলে সমস্যা সমাধান এবং জনআকাংখা ও জনচাহিদা পুরনের জন্য উপজেলা পরিষদ তথা সরকারের কার্যকর উদ্যোগ গ্রহনের সুযোগ সৃষ্টি হয়

**'ছক ৮:বোচাগঞ্জ উপজেলা পরিষদ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনায় (২০২১-২০২৬) পরিচালন ব্যবস্থার(গভর্ন্যান্স) উন্নয়ন পরিকল্পনা:**

| পরিকল্পিত গর্ভন্যান্স উন্নয়ন কার্যক্রম | সময় | সংখ্যা/ পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| উপজেলা পরিষদের মাসিক সভা | প্রতি মাসে | ১২টি | প্রতি বছর (জুলাই-জুন) নির্ধারিত তারিখ মোতাবেক |
| বার্ষিক বাজেট সভা | এপ্রিল/মে মাস | ২টি | খসড়া ও চুড়ান্ত। নির্ধারিত 'ছক'মোতাবেক |
| উপজেলা কমিটির (১৭) সভা | সিডিউল মোতাবেক | - | প্রতিটি কমিটির সভা দুই মাসে একবার |
| বার্ষিক পরিকল্পনা সভা | মার্চ মাস | ১টি | নির্ধারিত 'ছক'মোতাবেক। উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ধারা ৪২(১) এবং দ্বিতীয় তফসিল (ধারা ২৩) |
| বার্ষিক ক্রয় পরিকল্পনা সভা | জুন মাস | ১টি | নির্ধারিত 'ছক'মোতাবেক। উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা ২০১০। |
| উন্নয়ন প্রকল্প বাছাই কমিটির সভা | প্রয়োজন অনুযায়ী | - | উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ অনুযায়ী |
| সম্পদ রেজিষ্টার হালনাগাদকরণ | অর্থবছরের মধ্যে | ১/২ বার | অর্থবছরের মধ্যে কমপক্ষে ১ বার। |
| এডিপি ও উন্নয়ন কাজের সমাপ্তি প্রতিবেদন | আগষ্ট মাস | ১ বার | ৩১ আগষ্ট মাসের মধ্যে। উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ |
| বার্ষিক আর্থিক হিসাব বিবরণী প্রণয়ন | ডিসেম্বর মাস | ১ বার | ৩১ ডিসেম্বর। নির্ধারিত 'ছক'মোতাবেক। স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক |
| উন্নয়ন কার্যক্রমের খাতওয়ারি বিভাজন | মার্চ/এপ্রিল | ২ বার | উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ অনুযায়ী বার্ষিক পরিকল্পনা ও বাজেট প্রণয়নের সময় |
| নারী ও দরিদ্র বান্ধব প্রকল্প অগ্রাধিকার | সব সময় | - | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ০৯/০৫/২০২১ খ্রিঃ তারিখে জারিকৃত নির্দেশনা। |
| উপজেলা প্রকল্প প্রস্তাবনা ফরম্যাট ব্যবহার | প্রকল্প প্রস্তাব গ্রহনের সময় | | উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ২০১৪ |
| ক্রয় কার্য সম্পাদন | প্রয়োজন সাপেক্ষে | - | পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধি ২০০৮ |
| প্রকল্প কার্যক্রম মনিটরিং/পরিবীক্ষণ | নিয়মিতভাবে | - | প্রকল্প চলাকালীন সময়ে |
| সিটিজেন চার্টার প্রকাশ | সব সময় | - | গর্ভন্যান্স ইনোভেশন ইউনিট,প্রধান মন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক। |
| ওয়েব পোর্টাল হালনাগাদ | নিয়মিতভাবে | - | সরকারী নির্দেশনা মোতাবেক |
| ই-নথি/ডি-নথি ব্যবহার ও ই-সেবা প্রদান | নিয়মিতভাবে | - | সরকারী নির্দেশনা মোতাবেক |
| তথ্য উন্মুক্তকরন | সব সময় | - | তথ্য অধিকার আইন ২০০৯ এবং তথ্য অবমুক্তকরন নীতিমালা ২০১৫ অনুসরন পুর্বক। |
| গণশুনানী | প্রতি বুধবার | - | জনগনের মতামত,অভিযোগ নিষ্পত্তি ও সমস্যা সমাধানের জন্য |
| পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন | প্রতি ৫ বছরে একবার | | নির্ধারিত পদ্ধতি অনুসরণপুর্বক উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ধারা ৪২(১) এবং দ্বিতীয় তফসিল (ধারা ২৩) মোতাবেক । |
| পঞ্চবার্ষিক পরিকল্পনার বার্ষিক পর্যবেক্ষন প্রতিবেদন প্রনয়ন | অর্থবছর সমাপ্তির পর | ১বার | প্রতিবছর ৩১ আগষ্ট মাসের মধ্যে |
| পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার মধ্যবর্তী রিভিউকরণ/মূল্যায়ন | ২/৫ অথবা ৩ বছর পর | ১ বার | ২/৫ অথবা ৩ বছর পর |
| পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনার চুড়ান্ত মূল্যায়ন | ৫ বছর পর | ১ বার | ৫ বছর পর |

# দশম অধ্যায় :



**১০.১:পঞ্চবার্ষিক পরিকল্পনার বার্ষিক প্রতিবেদন প্রনয়ন ও নমুনা ফরম্যাট:**

উপজেলা অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি এবং টিজিপি'র সহায়তায় উপজেলা পরিষদ তার **পঞ্চবার্ষিক** পরিকল্পনার পর্যবেক্ষণ-সমুহ সমন্বয় করে বার্ষিক **পঞ্চবার্ষি** *উন্নয়ন* পরিকল্পনার পর্যবেক্ষণ সম্পন্ন করবে। তাই প্রতি বছরের বাস্তবায়িত প্রকল্পের ও কার্যপ্রনালীর প্রত্যাশিত ফলাফল কতটুকু অর্জিত হয়েছে এবং কতটুকু ব্যত্যয় রয়েছে তার উপর ভিত্তি করে বার্ষিক পরিকল্পনার বার্ষিক পর্যবেক্ষন প্রতিবেদন তৈরী করতে হবে। বার্ষিক প্রতিবেদনের ছকে **'বার্ষিক পরিকল্পনার লক্ষ্য, ফলাফল, পরিমাপযোগ্য সূচক,, অগ্রগতি অর্জন(%),সম্পদ(%) এবং উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ন শিক্ষনীয় বিষয়সমুহ** উল্লেখ করতে হবে। তবে প্রতি অর্থবছর সমাপ্তির পর পঞ্চবার্ষিক পরিকল্পনার বার্ষিক পর্যবেক্ষন প্রতিবেদন উপজেলার মাসিক সভায় পর্যালোচনার পর করনীয় নির্ধারণ করবে। পঞ্চবার্ষিক পরিকল্পনার উক্ত বার্ষিক পর্যবেক্ষন প্রতিবেদন উপজেলা পরিষদ জেলা প্রশাসক ও উপপরিচালক এর (স্থানীয় সরকার) কার্যালয়ে প্রেরণ করবে। পঞ্চবার্ষিক পরিকল্পনার বার্ষিক প্রতিবেদনের নমুনা ফরম্যাট নিম্নরুপ:

**ছক ৯: বার্ষিক পরিকল্পনার বার্ষিক প্রতিবেদনের নমুনা ফরম্যাট:**

| *ক্র: নং* | বার্ষিক পরিকল্পনার লক্ষ্য | ফলাফল | পরিমাপযোগ্য সূচক | এই পর্যন্ত অর্জন(%) | সম্পদ(%) |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

**(ক) বার্ষিক প্রতিবেদন কালিন সময়ে উল্লেখযোগ্য বিষয়সমুহ:**

১.-----------------------------------------------

২.------------------------------------------------

৩.------------------------------------------------

৪.-----------------------------------------------

**(খ) গুরুত্বপূর্ন শিক্ষনীয় বিষয়সমুহ:**

১------------------------------------------------

২.-------------------------------------------------

৩.-------------------------------------------------

৪.-----------------------------------------------

**দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর**

## একাদশ অধ্যায়:

**১১.১: উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক বিভিন্ন কমিটি:** বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ন বিষয়ক ৩টি কমিটি তথ্য-উপাত্ত সংগ্রহ ও সন্নিবেশ /বিন্যস্ত করার বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করাবেন। কমিটি ৩টি হলো; উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা প্রনয়ন বিষয়ক মূল কমিটি, উপজেলা অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ন বিষয়ক কারিগরি কমিটির (টিজিপি)।

**১১.১.২:(ক) উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক মূল কমিটি:** বোচাগঞ্জ উপজেলা পরিষদের সকল সদস্য সমন্বয়ে একটি পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ন বিষয়ক মূল কমিটি থাকবে যাদের কাজ হবে পরিকল্পনা প্রণয়ন বিষয়ক যাবতীয় কাজের সমন্বয় করা । উপজেলা পরিষদের প্রশাসনিক এলাকার মধ্যে উপজেলা পরিষদ চেয়ারম্যান,পৌর মেয়র ,ইউপি চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান,সংরক্ষিত মহিলা সদস্যবৃন্দ এবং হস্তান্তরিত দপ্তরের দপ্তর প্রধানগন/সকল সদস্য উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ন বিষয়ক মূল কমিটির সদস্য হবেন। তবে নির্বাচিত জনপ্রতিনিধিগন হবেন উপজেলা পরিষদের ভেটিং সদস্য এবং হস্তান্তরি দপ্তর প্রধানগন হবেন নন-ভেটিং সদস্য। বোচাগঞ্জ উপজেলা পরিষদের সদস্যদের নামের তালিকা নিম্নরুপ:

**ছক ১০: বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক মূল কমিটির সদস্যদের তালিকা:**

| ক্র:নং | উপজেলা পরিষদের সদস্যবৃন্দ | ক্র:নং | উপজেলা পরিষদের সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ১ | চোরম্যান,উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর | ১৬ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ,দিনাজপুর | ১৭ | উপজেলা প্রকৌশলী, বোচাগঞ্জ,দিনাজপুর |
| ৩ | মেয়র,সেতাগঞ্জ পৌরসভা, বোচাগঞ্জ,দিনাজপুর | ১৮ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর |
| ৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর | ১৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর |
| ৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর | ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর |
| ৬ | চেয়োরম্যান,১নং নাফানগর ইউনিয়ন পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর | ২১ | উপজেলা সমবায় কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর |
| ৭ | চেয়োরম্যান,২নং ইশানিয়া ইউনিয়ন পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর | ২২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর |
| ৮ | চেয়োরম্যান,৩নং মুশিদহাট ইউনিয়ন পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর | ২২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর |
| ৯ | চেয়োরম্যান,৪নংআটগাঁও ইউনিয়ন পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর | ২৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর |
| ১০ | চেয়োরম্যান,৫নং ছাতইল, ইউনিয়ন পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর | ২৪ | উপজেলা বন কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর |
| ১১ | চেয়োরম্যান,৬নং রনগাঁও ইউনিয়ন পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর | ২৫ | উপসহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) বোচাগঞ্জ,দিনাজপুর |
| ১২ | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর | ২৬ | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর |
| ১৩ | উপজেলা কৃষি কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর | ২৭ | উপজেলা সংরক্ষিত মহিলা সদস্য-০১, বোচাগঞ্জ,দিনাজপুর |
| ১৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর | ২৮ | উপজেলা সংরক্ষিত মহিলা সদস্য-০২,বোচাগঞ্জ,দিনাজপুর |
| ১৫ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর | ২৯ | এস,এম,জসীম উদ্দিন,ইউডিএফ,ইউজিডিপি, বোচাগঞ্জ |

**১১.১.৩: (খ) উপজেলা অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি:** উপজেলা পরিষদ (সংশোধন) আইন ২০১১ এর ২৯ (১) ধারা অনুযায়ী উপজেলা পরিষদের কার্যবলী সুচারুপে সম্পাদন করার জন্য ১৭টি উপজেলা (স্থায়ী ) কমিটি গঠন করা হয়েছে। **উক্ত** ১৭টি কমিটির মধ্যে অন্যতম হচ্ছে উপজেলা পরিষদের অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ে তথ্য-উপাত্ত সরবরাহ করে সহযোগিতা প্রদান করা। বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রনয়নের জন্য উক্ত কমিটি প্রয়োজনীয় তত্য-উপাত্ত সরবরাহ করে সহযোগিতা প্রদান করেছে। উপজেলা অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটির সদস্যদের নামের তালিকা নিম্নোক্ত ছক-৯/সারণীতে বিন্যস্ত করা হয়েছে:

**ছক ১১:উপজেলা অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটির সদস্য:**

| ক্র:নং | নাম ও পদবী | কমিটির পদবী |
|---|---|---|
| ১ | পুতুল রানী রায় ,মহিলা ভাইস চেয়ারম্যান,বোচাগঞ্জ,দিনাজপুর | সভাপতি |
| ২ | মো:শাহনেওয়াজ পারভেজ, চেয়ারম্যান,১নং নাফানগর ইউনিয়ন পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর | সদস্য |
| ৩ | নিমাই চন্দ্র রায়, চেয়ারম্যান,৬নং রণগাও ইউনিয়ন পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর | সদস্য |
| ৪ | আমিনা খাতুন সংরক্ষিত মহিলা সদস্য-০২,উপজেলা পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর | সদস্য |
| ৫ | মো: হুমায়ুন কবীর,উপজেলা প্রকৌশলী,বোচাগঞ্জ,দিনাজপুর | সদস্য সচিব |

**১১.১.৪: (গ) উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য কারিগরি কমিটি :** উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়নের জন্য কারিগরি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির কাজ হচ্ছে আর্থ-সামাজিক তথ্য-উপাত্ত ও পরিস্থিতি বিশ্লেষন করা এবং চলমান উন্নয়ন কার্যক্রম বিভিন্ন সারণিতে বিন্যস্থ করা ও পঞ্চবার্ষিক পরিকল্পনা ফরম্যাটের সারণিতে অভিষ্ঠ লক্ষ্য ও পরিমাপনযোগ্য সুচক বিন্যস্থ করা। পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রনয়ন বিষয়ক কারিগরি কমিটির (টিজিপি) সদস্যদের নামের তালিকা নিম্নোক্ত ছক-১২/সারণীতে বিন্যস্ত করা হয়েছে:

**ছক ১২: পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন বিষয়ক কারিগরি কমিটির (টিজিপি) সদস্য:**

| ক্র:নং | নাম ও পদবী | কমিটির পদবী |
|---|---|---|
| ১ | ছন্দা পাল,উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ,দিনাজপুর | সভাপতি |
| ২ | ডা: আবুল বাসার মো: সায়েদুজ্জামন,উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর | সদস্য |
| ৩ | মো: নাহিদ হোসেন,উপজেলা মৎস্য কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর | সদস্য |
| ৪ | মো: পিয়ারুল ইসলাম,উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর | সদস্য |
| ৫ | মো: রেজাউল হাসান,সহকারি প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বোচাগঞ্জ,দিনাজপুর | সদস্য |
| ৬ | মো: মতিউর রহমান,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর | সদস্য |
| ৭ | এস,এম,জসীম উদ্দিন,ইউডিএফ,ইউজিডিপি, বোচাগঞ্জ, দিনাজপুর | সদস্য |
| ৮ | মো: হুমায়ুন কবীর, উপজেলা প্রকৌশলী, বোচাগঞ্জ,দিনাজপুর | সদস্য সচিব |

**উপসংহার :** উপজেলা পরিষদের মাসিক সভায় আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত মোতাবেক টিজিপি গঠন এবং পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের উদ্যোগ গ্রহন করা হয়। টিজিপি'র প্রারম্ভিক সভায় এবং অর্থ,বাজেট,পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটির সভায় পঞ্চবার্ষিক পরিকল্পনার পর্যালোচনার পর কর্মপরিকল্পনা তৈরী করা হয়। উপজেলা পরিষদ আইন ও বিধি মোতাবেক পরিকল্পনা প্রনয়নের সকল প্রক্রিয়া ও ধাপ অনুসরণপুর্বক পরিকল্পনায় প্রয়োজনীয় তথ্য-উপাত্ত বিভিন্ন ছক/সারণিতে বিন্যস্ত করা হয়। অংশীজনের সাথে অংশগ্রহনমুলক আলোচনার মাধ্যমে চলমান কার্যাবলীর পরবর্তী প্রভাব বিশ্লেষন এবং উন্নয়ন চাহিদা নির্বাচন ও চাহিদার অগ্রাধিকারকরণ করা হয়। সার্বিকভাবে স্থানীয় জনগোষ্ঠীর উন্নয়ন চাহিদাকে গুরুত্ব দিয়ে অংশীজনের মতামতের ভিত্তিতে বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০২১-২০২৬ প্রনয়ন করা হয়েছে। আইন,নির্দেশনা,পরিপত্র ও ক্রয় বিধির আলোকে অংশগ্রহনমুলক সিদ্ধান্ত গ্রহনের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে বোচাগঞ্জ উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (২০২১-২০২৬) বাস্তবায়ন করা হবে। পরিকল্পনা থেকে কতটুকু লক্ষ্যমাত্রা ও প্রত্যাশিত ফলাফল এবং কি কি অভিজ্ঞতা অর্জিত হলো তা জানার জন্য পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন শেষে উপজেলা পরিষদ একটি চুড়ান্ত মুল্যায়ন করবে।